আরও
চাকরির খবর
ভেতরের পাতায়
কর্মক্ষেত্র
তথ্যভাণ্ডার...পৃঃ ১১

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

নার্সিংয়ের
সার্টিফিকেট ও ডিপ্লোমা
প্রবেশিকা পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৬ সংখ্যা ৪৫ কলকাতা বুধবার, ৩ জুন ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

## দক্ষিণ পূর্ব মধ্য রেলে ১০৭৯ অ্যাপ্রেন্টিস

বিভিন্ন ট্রেডে ১,০৭৯ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে দক্ষিণ-পূর্ব-মধ্য রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুল, ১৯৯২ অনুসারে ট্রেনিং হবে নাগপুর ডিভিশন ও মোতিবাগ ওয়ার্কশপে। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর। ট্রেনিং চলাকালীন নিয়মানুসারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: P/NGP/SAS/2024/16

নাগপুর ডিভিশন (এস্টাবলিশমেন্ট কোড E05202702695): ট্রেড অনুসারে আসনবিন্যাস: ফিটার: ৯০টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ওবিসি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ৪টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৯টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **কার্পেন্টার:** ৪১টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৪টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার:** ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধী এবং ২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট (কোপা):** ১৫৮টি (সাধারণ ৬৩, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ১২, ওবিসি ৪৩, আর্থিক ভাবে অনগ্রসর ১৬)। এর মধ্যে ৬টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১৬টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রিশিয়ান:** ২৬৭টি (সাধারণ ১০৭, তফসিলি জাতি ৪০, তফসিলি উপজাতি ২০, ওবিসি ৭৩, আর্থিক ভাবে অনগ্রসর ২৭)। এর মধ্যে ১১টি আসন দৈহিক প্রতিবন্ধী এবং ২৭টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **স্টেনোগ্রাফার (ইংলিশ)/সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট:** ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধী এবং ২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **প্লাম্বার:** ৩৩টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫,

*এরপর দুয়ের পাতায়*

## দিল্লি সরকারে ১৯৭৯

জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, ইনফর্মেশন টেকনোলজি অ্যাসিস্ট্যান্ট, ফিটার-সহ বিভিন্ন পদে ১,৯৭৯ জনকে নেবে দিল্লি সরকার। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা সাধারণ ক্যাটেগরির জন্য নির্দিষ্ট ৯৯০টি শূন্যপদের আবেদন জানাতে পারবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/2026.

নিয়োগ করা হবে জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট আর্কাইভিস্ট, আই টি অ্যাসিস্ট্যান্ট, ফিটার, অ্যাসিস্ট্যান্ট অপারেটর-কাম-মেকানিক, সাব স্টেশন অ্যাপ্রেন্টিস, ডেটা প্রসেসিং অ্যাসিস্ট্যান্ট গ্রেড 'এ', ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (কম্পিউটার সায়েন্স, স্পেশ্যাল এডুকেশন টিচার), ডোমেস্টিক সায়েন্স টিচার, স্পেশ্যাল এডুকেটর (প্রাইমারি) এবং ইলেক্ট্রিক্যাল ওভারসিয়র পদে।

জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করা হবে এইসব বিষয়ে: বায়োলজি, ব্যালিস্টিক্স, কেমিস্ট্রি, লাই-ডিটেকশন, ডকুমেন্টস, কোয়ালিটি কন্ট্রোল, ফটো, সাইবার ফরেন্সিক, ক্রাইম সিন, ডিস্ট্রিক্ট মোবাইল ফরেন্সিক ইউনিট, ফিঙ্গার প্রিন্ট, ফিজিক্স। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://dsssbonline.nic.in দরখাস্ত করা যাবে ১৬ জুন থেকে ১৫ জুলাই পর্যন্ত।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা চোখ রাখুন কর্মক্ষেত্র-র পরবর্তী সংখ্যায়।

## বিএসএনএলে ১০০

### জুনিয়র টেলিকম অফিসার

জুনিয়র টেলিকম অফিসার পদে ১০০ জনকে নেবে ভারত সঞ্চার নিগম (বিএসএনএল)। নিয়োগ হবে দেশ জুড়ে ২১টি সার্কলে। প্রথমে ২ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BSNLCO-11/12(11)/1/2026-RECTT-CO.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৬১, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** টেলিকমিউনিকেশনস বা ইলেক্ট্রনিক্স বা রেডিয়ো বা কম্পিউটার বা ইলেক্ট্রিক্যাল বা ইনফর্মেশন টেকনোলজি বা ইনস্ট্রুমেন্টেশনে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। অথবা ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার সায়েন্সে এম এসসি। এম টেক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে।

**বয়স:** ৩-৭-২০২৬ তারিখে ২০ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

*এরপর দুয়ের পাতায়*

## এয়ার ইন্ডিয়ায় কেবিন ক্রু

### উচ্চ মাধ্যমিক মহিলারা আবেদনের যোগ্য

কেবিন ক্রু নেবে বিমান পরিবহণ সংস্থা এয়ার ইন্ডিয়া। মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক পাশ ফ্রেশার তরুণীরা আবেদন করতে পারেন। ইংরেজি ও হিন্দিতে কথা বলায় সাবলীল হতে হবে। চাকরি হবে দিল্লিতে, ট্রেনি কেবিন ক্রু পদে।

প্রার্থীর বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মাধ্যমে। উচ্চতা হতে হবে অন্তত ১৫৫ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বডি মাস ইনডেক্স হতে হবে ১৮ থেকে ২২-এর মধ্যে। ৬/৬ মানের দৃষ্টিশক্তি থাকতে হবে।

যাত্রী পরিষেবা-সংক্রান্ত সংস্থা ও ডিরেক্টরেট জেনারেল অব সিভিল অ্যাভিয়েশনের নীতি সম্পর্কে ধারণা থাকলে চাকরি পেতে সুবিধা হবে। বিমানের উড়ানের সময়ে নিরাপত্তা সম্পর্কে অন্তত প্রাথমিক ধারণা থাকতে হবে।

এই নিয়োগের জব রিক্যুইজেশন আই ডি: ১৮৭০০। আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://cabincrewcareers.airindia.com

## জরুরি ভিত্তিতে শূন্যপদের তথ্য তলব রাজ্যের

পশ্চিমবঙ্গের সমস্ত প্রশাসনিক বিভাগ থেকে জরুরি ভিত্তিতে নিয়োগযোগ্য শূন্যপদের হিসেব চেয়ে পাঠাল রাজ্য সরকার। রাজ্যের অর্থ (অডিট) বিভাগের পক্ষ থেকে ২২ মে এই নির্দেশ জারি করে সরকারি বিভাগগুলিকে ৩ জুনের মধ্যে শূন্যপদের বিশদ তথ্য পেশ করতে বলা হয়েছে।

ওই নির্দেশে জানানো হয়েছে 'প্রশাসনিক ব্যবস্থাকে মজবুত করা ও তৎপরতার সঙ্গে সরকারি পরিষেবা দেওয়ার জন্য সরকার বিভিন্ন বিভাগের শূন্যপদগুলিতে নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে'। সেই কারণেই অনতিবিলম্বে সরকারি বিভাগগুলিতে শূন্যপদের হিসেব চাইছে সরকার।

সংশ্লিষ্ট নির্দেশ অনুসারে বিভাগীয় অফিস, ডিরেক্টরেট ও আঞ্চলিক কার্যালয়গুলির শূন্যপদের আলাদা তালিকা প্রস্তুত করতে হবে। কোনও বিভাগের সামগ্রিক শূন্যপদের হদিশ পেতে এবং হিসেব অনুসারে জরুরি ভিত্তিতে কোথায় কত কর্মী নিয়োগের প্রয়োজন তা নিরূপণ করাই অর্থ দপ্তরের এই নির্দেশের লক্ষ্য বলে ওয়াকিবহাল মহল মনে করছেন।

### আই সি আই সি আই ব্যাঙ্কে

## অ্যাপ্রেন্টিসশিপ

### শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট

গ্র্যাজুয়েট তরুণ-তরুণীদের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে আই সি আই সি আই ব্যাঙ্ক। ব্যাঙ্কিং পরিষেবার প্রশিক্ষণ। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট (১৯৬১) অনুসারে ১ বছরের প্রশিক্ষণ হবে দেশ জুড়ে আই সি আই সি আই ব্যাঙ্কের শাখাগুলিতে। হাতে-কলমে ব্যাঙ্কিং পরিষেবার কাজ শেখার সুযোগ রয়েছে ব্যাঙ্কিং-সংক্রান্ত এই অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ে।

প্রশিক্ষিতরা সরকারি-বেসরকারি ব্যাঙ্কে চাকরির ক্ষেত্রে অনেকটা

*এরপর দুয়ের পাতায়*

### সি এস আই আর-ইউ জি সি-র

## নেট পরীক্ষা ১৭ ও ১৮ জুলাই

ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের অধীনস্থ বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে বিজ্ঞান শাখায় লেকচারার এবং জুনিয়র রিসার্চ ফেলোশিপের যোগ্যতামান নির্ধারণের জন্য প্রার্থী বাছাই পরীক্ষা 'নেট'-এর দরখাস্ত নেওয়া হচ্ছে। পরীক্ষা হবে ১৭ ও ১৮ জুলাই। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। জাতীয় স্তরে পরীক্ষাটি নিচ্ছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ)। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

প্রার্থীরা এই সব যোগ্যতা অর্জনের জন্য নেট পরীক্ষায় বসতে পারেন— (১) জুনিয়র রিসার্চ ফেলো এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর। সেইসঙ্গে তাঁরা পিএইচডি ডিগ্রির জন্যও বিবেচিত হবেন। (২) অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও পিএইচডি ডিগ্রি। (৩) কেবল পিএইচডি ডিগ্রি। সেক্ষেত্রে তাঁরা রিসার্চ ফেলো বা অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য বিবেচিত হবেন না।

পরীক্ষা নেওয়া হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে কোড নং): কেমিক্যাল সায়েন্সেস (৭০১), আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটরি সায়েন্সেস (৭০২), লাইফ সায়েন্সেস (৭০৩), ম্যাথমেটিক্যাল সায়েন্সেস (৭০৪) এবং ফিজিক্যাল সায়েন্সেস (৭০৫)।

আবেদনের যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ স্নাতকোত্তর বা সমতুল ডিগ্রি পেয়ে থাকতে হবে। যাঁরা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা করছেন

*এরপর দুয়ের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




### স্বনির্ভরতার সন্ধান

## ইউজ অ্যান্ড থ্রো পেনের ব্যবসা



**একবার ব্যবহার করে ফেলে দেওয়া ইউজ অ্যান্ড থ্রো পেনের বাজার খুবই ভালো। তার কারণ, এই পেনের রিফিল পাল্টানোর দরকার নেই, সস্তা দাম এবং লেখাও মসৃণ। স্বল্প পরিসরে কয়েকটি মেশিন বসিয়ে নিলে নিজেই বাণিজ্যিক ভাবে এই পেনের উৎপাদন ও বিপণন করে ভালো রোজগার করতে পারেন।**

**নিজস্ব প্রতিনিধি:** কলম বা পেনের ব্যবসা যথেষ্ট লাভজনক। স্কুল, কলেজ, অফিস, আদালত, ব্যাঙ্ক, দোকানপাট সর্বত্রই এর চাহিদা রয়েছে। কম্পিউটারের ব্যবহার বাড়লেও, তা সম্পূর্ণ ভাবে কলম ও খাতার বিকল্প হয়ে উঠতে পারেনি।

এখন বাজারে সবচেয়ে বেশি চাহিদা ইউজ অ্যান্ড থ্রো কলমের। ব্যবহার করে কালি ফুরোলে ফেলে দেওয়া যায়। নতুন করে রিফিল ভরার ঝামেলা নেই। দামে সস্তা, লেখাও হয় মসৃণ।

নামী ব্র্যান্ডের ইউজ অ্যান্ড থ্রো কলম যেমন বাজারে রয়েছে, তেমনই স্থানীয় ভাবে তৈরি ইউজ অ্যান্ড থ্রো পেনের বাজারও বেশ ভালো।

বেকার তরুণ-তরুণীরা অল্প পুঁজি নিয়ে, স্বল্প জায়গাতেই ইউজ অ্যান্ড থ্রো পেন উৎপাদন ও বিপণন করতে পারেন। এই ব্যবসায় পুঁজি খুব বেশি লাগে না। লোকবল এবং বড় জায়গার দরকারও হয় না। কেবল কয়েকটি ম্যানুয়াল মেশিন নিয়ে প্রাথমিক ভাবে

*এরপর পাঁচের পাতায়*

## কী পড়বেন, কোথায় পড়বেন

# বই সম্পাদনা ও প্রকাশনার সার্টিফিকেট কোর্স

নিজস্ব প্রতিনিধি: বই প্রকাশের নেপথ্যে থাকে একাধিক খুঁটিনাটি কাজ। কী-কী পর্যায়ে সেই কাজ হয়, কোন-কোন বিষয়কে অগ্রাধিকার দিতে হয়, কী ধরনের দক্ষতার প্রয়োজন ইত্যাদি বিষয়গুলি অনেকেরই অজানা।

বই সম্পাদনা ও প্রকাশনার খুঁটিনাটি জানাতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব কালচারাল টেক্সটস অ্যান্ড রেকর্ডস, অনলাইন ও অফলাইন সার্টিফিকেট কোর্স পড়ানোর উদ্যোগ নিয়েছে। এই কোর্স করা থাকলে বাংলা ও ইংরেজি প্রকাশনা সংস্থায় কিংবা সংবাদপত্রে কাজ করার জন্য আবেদন করতে পারবেন। স্বাধীন ভাবে পুস্তক সম্পাদনার কাজও করতে পারবেন।

অনলাইন কোর্সে ভর্তির জন্য ইংরেজি ভাষায় দক্ষতা থাকতে হবে। অফলাইন কোর্সটি পড়ানো হবে বাংলায়। এই কোর্সটির জন্য স্কলারশিপের ব্যবস্থাও আছে। ভর্তির জন্য প্রার্থী বাছাই করা হবে পরীক্ষার মাধ্যমে।

**অনলাইন কোর্স**: কোর্সের নাম: পোস্ট গ্র্যাজুয়েট সার্টিফিকেট কোর্স ইন এডিটিং অ্যান্ড পাবলিশিং (ইংলিশ)।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও বিষয়ে অনার্স গ্র্যাজুয়েট। **ক্লাস হবে:** জুলাই থেকে অক্টোবর। সপ্তাহে তিন দিন ক্লাস, সন্ধে ছ'টা থেকে আটটা। **কোর্স ফি:** ১১,৮০০ টাকা (জিএসটি সহ)।

**আবেদনের শেষ দিন:** ১৪ জুন।

**অফলাইন কোর্স**: কোর্সের নাম: সম্পাদনা ও প্রকাশনা (এডিটিং অ্যান্ড পাবলিশিং)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও বিষয়ে অনার্স গ্র্যাজুয়েট। **ক্লাস হবে:** জুলাই থেকে সেপ্টেম্বর। সপ্তাহে তিন দিন ক্লাস, সন্ধে ছ'টা থেকে আটটা। **কোর্স ফি:** ১৪,৭৫০ টাকা (জিএসটি সহ)।

**আবেদনের শেষ দিন:** ১১ জুন।

আবেদন করতে হবে গুগল ফর্ম পূরণ করে। আবেদনের পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি বিষয় জানতে দেখুন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: https://jadavpuruniversity.in/

## উচ্চ মাধ্যমিকের পর
# সোশিয়োলজি

নিজস্ব প্রতিনিধি: কলা বিভাগে উচ্চ মাধ্যমিক পাশ করে, স্নাতক স্তরে সোশিয়োলজি বা সমাজবিজ্ঞান নিয়ে পড়তে পারেন। সমাজবিজ্ঞান মানুষের সঙ্গে সমাজের সম্পর্ক, সমাজের মধ্যে মানুষের প্রাত্যহিক আচরণ, সামাজিক সম্পর্কের ধরন ইত্যাদি নানা বিষয় নিয়ে আলোচনা করে।

### কাজের সুযোগ

সোশিয়োলজিতে স্নাতকোত্তর পাশ করে শিক্ষকতা বা অধ্যাপনার চাকরি করতে পারেন। কর্পোরেট সংস্থাগুলিতে কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটি সংক্রান্ত কাজে সোশিয়োলজির ছাত্র-ছাত্রীদের নিয়োগ করা হয়। সমাজবিজ্ঞানে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি থাকার পাশাপাশি এমবিএ করা থাকলে চাকরির সুযোগ বাড়বে। সেক্ষেত্রে বিভিন্ন সংস্থায় হিউম্যান রিসোর্স অফিসার হিসাবেও কাজ পেতে পারেন। পাশাপাশি, সিভিল সার্ভিসের ক্ষেত্রেও সোশিয়োলজির ছাত্র-ছাত্রীরা সফল হচ্ছেন।

সোশিয়োলজি নিয়ে স্নাতক হওয়ার পর মাস্টার অব সোশ্যাল ওয়ার্ক করা থাকলে দাম পাবেন নামী এনজিও কিংবা বিবিধ সমাজকল্যাণমূলক প্রকল্পের কাজে। ইউনেস্কো, ইউনিসেফ-এর মতো সংস্থাও সোশিয়োলজির ছাত্রছাত্রীদের নিয়োগ করে থাকে।

এ ছাড়া ব্যাঙ্কের ফ্রন্ট অফিস বা ব্যাক অফিসে কাজের সুযোগ আছে। সমাজবিজ্ঞানের সঙ্গে যেহেতু রিসার্চ মেথডোলজি ও রাশিবিজ্ঞানের সম্পর্ক রয়েছে, তাই সমাজবিজ্ঞান পড়ে অনেকেই কনটেন্ট অ্যানালিস্ট হিসাবে বিভিন্ন সংস্থায় চাকরি পান।

### কোথায় পড়বেন

এ রাজ্যের যে-সব কলেজে বিষয়টি পড়ানো হয় সেগুলি হল (ব্র্যাকেটে সংশ্লিষ্ট কলেজের ওয়েবসাইট)— লেডি ব্রেবোর্ন কলেজ (www.ladybrabourne admissions.com), বাসন্তীদেবী কলেজ (www.basantidevicollege.edu.in), দমদম মোতিঝিল কলেজ (www.dumdummotijheelcollege.ac.in), আশুতোষ কলেজ (https://asutoshcollege.in), বঙ্গবাসী কলেজ (www.bangabasi.ac.in), রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ কলেজ, ব্যারাকপুর (www.brsnc.in), বর্ধমান রাজ কলেজ (www.burdwanrajcollege.ac.in), বিজয়কৃষ্ণ গার্লস কলেজ (https://bkgc.in), বাঁকুড়া খ্রিস্টান কলেজ (www.bankurachristian college.in), আসানসোল গার্লস কলেজ (https://agc.ac.in), আরামবাগ গার্লস কলেজ (www.arambaghgirlscollege.net), আনন্দচন্দ্র কলেজ, জলপাইগুড়ি (https://ccollege.in/new/) ইত্যাদি।

এ রাজ্যের যে-সব বিশ্ববিদ্যালয়ে সোশিয়োলজির উচ্চতর পাঠ নিতে পারবেন, সেগুলি হল (ব্র্যাকেটে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট)— কলকাতা বিশ্ববিদ্যালয় (www.caluniv.ac.in), যাদবপুর বিশ্ববিদ্যালয় (www.jaduniv.edu.in), রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় (rbu.ac.in), বিদ্যাসাগর ইউনিভার্সিটি, মেদিনীপুর (www.vidyasagar.ac.in), প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় (presiuniv.ac.in), নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি, শিলিগুড়ি (www.nbu.ac.in), বর্ধমান ইউনিভার্সিটি (buruniv.ac.in) ইত্যাদি।

এ রাজ্যের বাইরে দিল্লি ইউনিভার্সিটি, জওহরলাল নেহরু ইউনিভার্সিটি, আলিগড় মুসলিম ইউনিভার্সিটি, জামিয়া মিলিয়া ইসলামিয়া ইউনিভার্সিটি, মুম্বই ইউনিভার্সিটি, বেনারস হিন্দু ইউনিভার্সিটি ইত্যাদি একাধিক বিশ্ববিদ্যালয়ে সোশিয়োলজি পড়ার সুযোগ আছে।

## পেশাদারদের জন্য
# কল্যাণীর আইআইআইটি-তে এগজিকিউটিভ এমটেক প্রোগ্রাম

নিজস্ব প্রতিনিধি: চাকরি করতে করতে এমটেক করার সুযোগ করে দিচ্ছে কল্যাণীর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইআইটি)। এই প্রতিষ্ঠানে পেশাদারদের জন্য এগজিকিউটিভ এমটেক প্রোগ্রাম-এ ভর্তি প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে। প্রতিষ্ঠানের কন্টিনিউয়িং এডুকেশন প্রোগ্রাম সেলের তরফে এই কোর্সটি করানো হবে। তথ্য এবং প্রযুক্তি ক্ষেত্রে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (কৃত্রিম বুদ্ধিমত্তা), ডেটা সায়েন্স-সহ বিভিন্ন বিষয় নিয়ে পড়ানো হবে এই কোর্সে। মেধাতালিকা তৈরির জন্য ১১ জুলাই ইন্টারভিউ অথবা লিখিত পরীক্ষা হবে। ক্লাস শুরু হবে আগামী জুলাই মাস থেকে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স, ইনফরমেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং অথবা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সম্পর্কিত বিষয়ে বিটেক, বিই, এমএসসি, এমএস অথবা এমসিএ ডিগ্রি থাকতে হবে।

আসন: ৩০টি।

**কোর্স ফি:** রেজিস্ট্রেশন এবং কোর্স ফি নিয়ে প্রতি সেমেস্টারের জন্য ১৮,০০০ টাকা।

**আবেদনের শেষ দিন:** অনলাইনে ১৯ জুন এবং অফলাইনে ২৬ জুন।

আবেদন করতে দেখুন: https://iiitkalyani.ac.in/ প্রয়োজনীয় নথি সহ আবেদনপত্র অনলাইন এবং সরাসরি, দুই মাধ্যমেই জমা দিতে পারে আবেদনকারী।

# পেটেন্ট ইনফর্মেটিক্সের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

পেটেন্ট ইনফর্মেটিক্সের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে পুনের সি এ আই আর-ইউনিট ফর রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অব ইনফর্মেশন প্রোডাক্টস। কোর্সের মেয়াদ ১ বছর।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ এবং ওবিসি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ এম এসসি বা বি ই বা এম ফার্ম বা এম টেক বা বি টেক বা এল এল বি পাশ। অথবা লাইব্রেরি সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি পাশ। এম বি এ ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন, সেক্ষেত্রে বিজ্ঞান শাখায় স্নাতক পাশ করে থাকতে হবে।

কোর্স ফি: সেমেস্টার প্রতি ১৫,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে https://pgdp.urdip.res.in আবেদনের শেষ তারিখ ৮ জুন।

আবেদনের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা তফসিলি, আর্থিক ভাবে অনগ্রসর এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা)।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কী শিখবেন, কোথায় শিখবেন

# রবীন্দ্র ভারতীতে স্নাতক স্তরে ভিশ্যুয়াল ও ফাইন আর্টস



নিজস্ব প্রতিনিধি: উচ্চ মাধ্যমিকের পর ভিশ্যুয়াল আর্টস এবং ফাইন আর্টসের বিভিন্ন বিষয় নিয়ে স্নাতক স্তরে পড়াশোনা করা যাবে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে। ভিশ্যুয়াল আর্টস শাখায় পড়তে পারেন পেন্টিং, অ্যাপ্লায়েড আর্ট, স্কাল্পচার, গ্রাফিক্স-প্রিন্ট মেকিং এবং হিস্ট্রি অব আর্ট। ফাইন আর্টসের অন্তর্ভুক্ত রবীন্দ্রসংগীত, কণ্ঠসংগীত, যন্ত্রসংগীত, নৃত্য, নাটক এবং পাশ্চাত্য শাস্ত্রীয় সংগীত (ওয়েস্টার্ন ক্লাসিক্যাল মিউজিক)। দু'টি ক্ষেত্রেই ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন গ্রহণের প্রক্রিয়া শুরু হয়েছে। আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন। শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের ভর্তি নেওয়া হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে।

**শিক্ষাগত যোগ্যতা:** ২০২৪ থেকে ২০২৬-এর মধ্যে যাঁরা উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষা পাশ করেছেন, শুধু তাঁরাই আবেদন করতে পারবেন।

**কোর্সের সময়সীমা:** চার বছর।

**আসনসংখ্যা:** ভিশ্যুয়াল আর্টস: ৬২টি (গ্রাফিক্স প্রিন্ট মেকিং ১০টি, পেন্টিং ১৮টি, অ্যাপ্লায়েড আর্ট ১৭টি, স্কাল্পচার ১০টি, হিস্ট্রি অব আর্ট ৭টি)। ফাইন আর্টস: ৫৪২টি (ভোকাল মিউজিক ১২৮টি, রবীন্দ্রসংগীত ১২৪টি, নৃত্য ১১৮টি, নাটক ৬৮টি, যন্ত্রসংগীত ৩৮টি, পারকাশন ৩৮টি, পাশ্চাত্য শাস্ত্রীয় সংগীত ২৮টি)।

**আবেদনের শেষ তারিখ:** ৪ জুন।

**আবেদনের পদ্ধতি:** অনলাইন আবেদন করা যাবে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.rbu.ac.in/ বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

# কালচারাল প্রপার্টি সংরক্ষণের সার্টিফিকেট কোর্স

কালচারাল প্রপার্টি সংরক্ষণের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল রিসার্চ ল্যাবরেটরি ফর কনজারভেশন অব কালচারাল প্রপার্টি। কোর্সের মেয়াদ ছয় মাস। কোর্স ১ সেপ্টেম্বর থেকে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে।

আসনসংখ্যা: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। অথবা ফাইন আর্টস বা আর্টস কনজারভেশন বা আর্কিওলজি বা মিউজিয়োলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। আর্কিওলজি অ্যান্ড মিউজিয়োলজিতে স্নাতকোত্তর ডিপ্লোমা পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন।

কোর্স ফি: ১০,০০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের ফর্ম পেতে ই-মেল করতে হবে এই ঠিকানায়: trgnrlc@gmail.com

আবেদনপত্র যথাযথভাবে পূরণ করবেন। প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ আবেদনপত্র পাঠাতে হবে এই ঠিকানায়: Training Co-ordinator, NRLC-Training Institute, Sahara State Road, Sector-G, Jankipuram, Lucknow-226021. অথবা নথিপত্রের স্ক্যান করা কপি-সহ আবেদনপত্র ই-মেল করতে হবে এই ঠিকানায়: trgnrlc@gmail.com দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ১০ জুলাই।

# বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে তিনটি স্নাতক কোর্স

কৃষি বিষয়ক তিনটি স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়। বিষয়গুলি হল: এগ্রিকালচার, হর্টিকালচার এবং এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং। প্রতিটি কোর্সের মেয়াদ ৪ বছর। কোর্সগুলি পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের মোহনপুর, বর্ধমান এবং বাঁকুড়া ক্যাম্পাসে। দক্ষ খেলোয়াড়রা আবেদন করতে পারেন শুধুমাত্র এগ্রিকালচারের স্নাতক কোর্সের ক্ষেত্রে। এই কোর্সগুলিতে ভর্তির বিজ্ঞপ্তি নম্বর: Admission/UG/Ag-1(Part-IX)/L-124 .

কোর্সের বিবরণ: **বি এসসি (অনার্স) ইন এগ্রিকালচার:** ক্যাম্পাস অনুসারে আসনসংখ্যা: মোহনপুর ১৩৩টি। বর্ধমান ৩৬টি। শুশুনিয়া, বাঁকুড়া ৩৬টি। **বি এসসি (অনার্স) ইন হর্টিকালচার:** মোহনপুর ৩৩টি। **বি টেক ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং:** মোহনপুর ৪০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** এগ্রিকালচার ও হর্টিকালচারের ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি-সহ উচ্চমাধ্যমিক। চারটি বিষয়ে মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। ভোকেশনাল শাখার ক্ষেত্রে আবশ্যিক বিষয় হিসেবে বায়োলজি ও ইংরেজি, ঐচ্ছিক বিষয় হিসেবে ফিজিক্স বা কেমিস্ট্রি এবং এগ্রিকালচার ও হর্টিকালচারের সম্পর্কিত যে-কোনও দু'টি বিষয় পড়ে থাকতে হবে। পাঁচটি বিষয়ে মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় বৈধ র‌্যাঙ্ক করে থাকতে হবে।

২০২৫-এর আগে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করবেন না।

**বয়স:** ৩১-৮-২০২৬ তারিখে অন্তত ১৬ বছরের হতে হবে।

দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে ন্যূনতম জেলা স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: টেবল টেনিস, ব্যাডমিন্টন, ক্রিকেট, ফুটবল ও ভলিবল।

সব ক্ষেত্রেই প্রার্থীকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং দক্ষ খেলোয়াড়দের জন্য আসন সংরক্ষিত হবে।

প্রথমে প্রার্থীকে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.abc.gov.in এরপর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bckv.edu.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ১৭ জুন। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

### অনলাইনে আবেদনের সময় আপলোড করবেন

✓প্রার্থীর জেপেগ বা জে পি জি বা পি এন জি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (১০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে)। ✓পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা বয়সের প্রমাণপত্র হিসেবে জন্ম শংসাপত্র বা মাধ্যমিকের সার্টিফিকেট (৪০ থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে)। ✓পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা উচ্চমাধ্যমিকের মার্কশিট (৪০ থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে)। ✓প্রযোজ্য ক্ষেত্রে পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা কাস্ট বা ও বি সি বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (৪০ থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে)। ✓প্রযোজ্য ক্ষেত্রে পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের যথাযথ সার্টিফিকেট (৪০ থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে)। ✓দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের থেকে পাওয়া পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা স্পোর্টস সার্টিফিকেট (৪০ থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে)। ✓প্রার্থীর আধার কার্ড (৪০ থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে)। ✓প্রার্থীর পিতা-মাতার আধার কার্ড (৪০ থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে)। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র (৪০ থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭৫০ টাকা)। ফি দিতে হবে অনলাইন ব্যবস্থায়, নেট ব্যাঙ্কিং বা ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট বা রসিদ নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনের সময় অ্যাপ্লিকেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

আগ্রহীরা খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### মাধ্যমিক যোগ্যতায়

# কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীগুলিতে কয়েক হাজার কনস্টেবল

## আগ্রহীরা প্রস্তুতি শুরু করতে পারেন এখনই। দৈহিক সক্ষমতাও যাচাই করা হবে।

**নিজস্ব প্রতিনিধি:** বিভিন্ন কেন্দ্রীয় বাহিনীর কয়েক হাজার শূন্যপদে নিয়োগ হয় স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। অন্তত মাধ্যমিক শিক্ষাগত যোগ্যতায় চাকরির জন্য আবেদন করা যায়। নির্দিষ্ট দৈহিক মাপজোক থাকতে হয়। মহিলারাও আবেদনের যোগ্য।

স্টাফ সিলেকশন কমিশনের তরফে জানানো হয়েছে, কেন্দ্রীয় সশস্ত্র বাহিনী, সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্স (এসএসএফ) এবং অসম রাইফেলসে কনস্টেবল (জেনারেল ডিউটি বা জিডি এবং রাইফেলম্যান) পদে নিয়োগের জন্য নতুন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে সেপ্টেম্বর মাসে। চাকরিপ্রার্থীরা যাতে সময় নিয়ে যোগ্যতা যাচাইয়ের পরীক্ষার জন্য যথোচিত প্রস্তুতি নিতে পারেন সে কথা মনে রেখেই কমিশন এই নিয়োগের খবর আগাম জানিয়েছে। প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার সঙ্গে থাকবে দৈহিক সক্ষমতার পরীক্ষা। সেই সক্ষমতা রাতারাতি অর্জন করা সম্ভব নয়, দীর্ঘমেয়াদি প্রস্তুতির দরকার রয়েছে।

**নিয়োগ হবে এই বাহিনীগুলিতে:** বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, সশস্ত্র সীমা বল, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ, সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্স, অসম রাইফেলস।

**যোগ্যতা:** শিক্ষাগত যোগ্যতা অন্তত মাধ্যমিক। উচ্চতা হতে হবে পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে অন্তত ১৭০ সেমি (উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। এ ছাড়া পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ৫ সেমি ফোলানোর পরে বুকের ছাতির মাপ হতে হবে অন্তত ৮০ সেমি (উপজাতিদের ক্ষেত্রে অন্তত ৭৬ সেমি)। মহিলা প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৫৭ সেমি (উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি)। উচ্চতা অনুসারে ওজন হতে হবে।

**দৃষ্টিশক্তি:** কাছের ক্ষেত্রে ভালো চোখে এন-৬ ও অন্য চোখে এন-৯ এবং দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। রং চেনার ক্ষমতা সিপি-২ মানের হতে হবে।

**প্রার্থী বাছাই প্রক্রিয়া:** প্রথমে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা। এ ক্ষেত্রে জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, জেনারেল নলেজ, মাধ্যমিক মানের অঙ্ক ও ইংরেজি বা হিন্দির অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন করা হয়।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ২৪ মিনিটে ৫ কিলোমিটার দৌড়, মহিলাদের ক্ষেত্রে সাড়ে ৮ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়। দৈহিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে থাকবে দৈহিক মাপজোক যাচাই, দৃষ্টিশক্তির পরীক্ষা তথা মেডিক্যাল টেস্ট।

প্রথমেই কোনও চোখের ডাক্তারের কাছে দৃষ্টিশক্তির পরীক্ষা করিয়ে নিতে পারেন। প্রয়োজনীয় দৈহিক মাপজোক থাকলে, এরপর অনলাইন পরীক্ষার প্রস্তুতি ও দৌড়ের অনুশীলন শুরু করে দিতে পারেন।

প্রসঙ্গত, বিপুল সংখ্যক শূন্যপদে নিয়োগ করা হয় কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীগুলিতে। আগামী পরীক্ষাটি ২০২৭-এর নিয়োগ-পরীক্ষা। ২০২৬-এ ঘোষিত শূন্যপদ ছিল ২৫,৪৮৭টি। ২০২৫-এ কেন্দ্রীয় বাহিনীগুলিতে কনস্টেবল-জিডি ও অসম রাইফেলসে রাইফেলম্যানের শূন্যপদ ছিল ৫৩,৬৯০টি।

আগ্রহী প্রার্থীদের অবগতি ও প্রস্তুতির সুবিধার জন্য এই নিয়োগের তথ্যটি আগাম জানানো হল।

## স্নাতক স্তরে বাধ্যতামূলক হল ইন্টার্নশিপ

**নিজস্ব প্রতিনিধি:** জাতীয় শিক্ষানীতিকে মান্যতা দিয়ে স্নাতক স্তরের ছাত্র-ছাত্রীদের জন্য ইন্টার্নশিপ বাধ্যতামূলক করল বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। ইউজিসি স্বীকৃত কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলির কলা, বিজ্ঞান, বাণিজ্য-সহ সব বিভাগের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রেই এই নিয়ম কার্যকর হবে। বই পড়ার পাশাপাশি হাতে-কলমে কাজ শিখে দক্ষতা বাড়ানোই এর মূল উদ্দেশ্য। ভবিষ্যতে এই প্রক্রিয়া কাজের বাজারে দক্ষ কর্মীর জোগান বাড়াবে, এমনটাই মনে করা হচ্ছে।

প্রতিটি ছাত্র-ছাত্রীকে দ্বিতীয় বর্ষে অর্থাৎ চতুর্থ সেমেস্টার শেষ হওয়ার পর ইন্টার্নশিপ করতে হবে। ডিগ্রির ফাইনাল মার্কশিটে এর নম্বর এবং ক্রেডিট যুক্ত হবে। শিক্ষার্থীরা সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, স্বেচ্ছাসেবী সংস্থা, স্থানীয় শিল্প-ব্যবসায়িক প্রতিষ্ঠানে, নামী শিল্পী বা কারিগরের অধীনে অন-সাইট কাজ করতে পারবেন। এর জন্য প্রতিটি শিক্ষা-প্রতিষ্ঠানকে নিজস্ব ডিজিটাল পোর্টাল তৈরি করতে বলা হয়েছে, যেখানে বিভিন্ন সংস্থার কর্তৃপক্ষ, বিশেষজ্ঞ এবং শিক্ষকেরা মেন্টর হিসাবে থাকবেন। ছাত্রছাত্রীরা বিভাগীয় কর্তৃপক্ষের সাহায্য নিয়ে ইন্টার্নশিপের জন্য প্রোজেক্ট বাছাই করতে পারবেন।

## হকিন্সে তথ্যপ্রযুক্তি কর্মী

তথ্যপ্রযুক্তি বিভাগে লোক নেবে হকিন্স। চাকরি শুরু হবে এন্ট্রি লেভেলের ম্যানেজমেন্ট ট্রেনি পদে। দেড় বছরের ট্রেনিং শেষে পদোন্নতি ও বেতনবৃদ্ধি ঘটবে। দক্ষতার নিরিখে চাকরির শুরুতে বার্ষিক বেতন ৫ লক্ষ থেকে ১২ লক্ষ টাকা পর্যন্ত হতে পারে। গ্র্যাজুয়েটেরা আবেদনের যোগ্য।

মেশিন লার্নিং ও আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, ডেটা সায়েন্সের জ্ঞান থাকলে সুবিধা হবে। সি++, সি#, এস কিউ এল, জাভা, ডার্ট, এ এস পি ডট নেট, এইচ টি এম এল/সি এস এস, এক্স এম এল, পাইথন অ্যান্ড্রয়েড, ফ্লাটার, রিঅ্যাক্ট নেটিভ ত্যাবলিউ এবং পাওয়ার বি আইয়ের মধ্যে একটি বা একাধিক প্রযুক্তি ব্যবহারের জ্ঞান থাকতে হবে।

লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ ও মেডিকেল টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই হবে। অনলাইন আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.hawkinscookers.com/Jobs_ViewList_MgmtTrainees_R.aspx অনলাইন আবেদনে "Reasons why I am interested in joining Hawkins"-এই শিরোনামে প্রার্থীর নিজের হাতে লেখা ও স্বাক্ষরিত সর্বোচ্চ ২০০ শব্দের একটি নোট আপলোড করতে হবে।

## স্কলারশিপের খোঁজখবর

### উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক ট্রান্সজেন্ডার স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬

নবম থেকে দ্বাদশ শ্রেণি, স্নাতক, স্নাতকোত্তর কোর্সে পাঠরত ট্রান্সজেন্ডার ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড।

**আবেদনের যোগ্যতা:** মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকে মোট অন্তত ৩৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১০ লাখ টাকার নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** এককালীন সর্বাধিক ৪০,০০০ টাকা।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/USFB2 আবেদনের শেষ তারিখ ৩০ জুন।

### সার্ভিস স্কেপ স্কলারশিপ ২০২৬

স্নাতক বা উচ্চতর স্তরে পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে সার্ভিস স্কেপ। বয়স অন্তত ১৮ বছরের হতে হবে। আগ্রহীদের কোনও নির্দিষ্ট বিষয়ের উপর ৩০০-৬০০ শব্দের মধ্যে একটি রচনা লিখতে হবে। রচনার বিষয় নির্দিষ্ট করে দেবে সংশ্লিষ্ট সংস্থা।

**স্কলারশিপের পরিমাণ:** ১,০০০ আমেরিকান ডলার।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/SSSZ2 আবেদনের শেষ তারিখ ৩০ নভেম্বর।

### ইস্টম্যান পাওয়ারআপ এডুস্কিল স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, মেকানিক্যাল, সেলস, মার্কেটিং-সহ বিভিন্ন বিষয়ে বি টেক, এ টেক, পলিটেকনিক ডিপ্লোমা, এম বি এ বা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা কোর্সে পাঠরতদের দক্ষতা বৃদ্ধির কোর্স করতে স্কলারশিপ দিচ্ছে ইস্টম্যান অটো অ্যান্ড পাওয়ার লিমিটেড। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** বি টেক কোর্সের ক্ষেত্রে তৃতীয় বা চতুর্থ বর্ষ, পলিটেকনিক কোর্সের ক্ষেত্রে তৃতীয় বর্ষ এবং স্নাতকোত্তর স্তরের কোর্সের ক্ষেত্রে দ্বিতীয় বর্ষ বা সমাপ্তি বর্ষে পাঠরতরা আবেদন করতে পারেন। যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল সি জি পি এ স্কোর করে থাকতে হবে।

কোর্স ফিয়ের খরচ বাবদ সর্বাধিক ২০,০০০ টাকা দেবে সংশ্লিষ্ট সংস্থা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/EPSP2 আবেদনের শেষ তারিখ ৪ জুলাই।

### আই ই টি ইন্ডিয়া স্কলারশিপ অ্যাওয়ার্ড

ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক কোর্সে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে দ্য ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি।

**আবেদনের যোগ্যতা:** শিক্ষা ক্ষেত্রে সব স্তরেই মোট অন্তত ৬০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে। বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

**স্কলারশিপের পরিমাণ:** ২০,০০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/IET6 আবেদনের শেষ তারিখ ১৫ জুন।

*(তথ্য সহায়তা: buddy4study)*

## তিন বাহিনীতে ৩৯৪

### এখনও আবেদন করতে পারেন

ট্রেনিং দিয়ে আর্মি, নেভি ও এয়ারফোর্সে ৩৯৪ জন অফিসার নিয়োগ করা হবে। উচ্চ মাধ্যমিক পাশ অবিবাহিত তরুণ-তরুণীরা আবেদন করতে পারেন। ১৫৮তম ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি এবং ১২০তম ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি কোর্স শুরু হবে ২০২৭-এর জুলাই মাসে। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (২), ২০২৬'-এর মাধ্যমে। পরীক্ষা ১৩ সেপ্টেম্বর। প্রথমে ট্রেনিং। সফল হলে চাকরি। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই পরীক্ষার নোটিশ নম্বর: 10/2026-NDA-II.

**শূন্যপদের বিবরণ:** ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি: মোট ৩৭০টি (আর্মি ২০৮, নেভি ৪২, এয়ারফোর্স ১২০)। এয়ারফোর্সের ক্ষেত্রে নিয়োগ হবে ফ্লাইং (শূন্যপদ ৯২টি), গ্রাউন্ড ডিউটি-টেকনিক্যাল (শূন্যপদ ১৮টি) এবং গ্রাউন্ড ডিউটি-নন টেকনিক্যাল (শূন্যপদ ১০টি) শাখায়। আর্মিতে ১০টি, নেভিতে ৫টি এবং এয়ারফোর্সে শাখা প্রতি ২টি করে মোট ৬টি শূন্যপদ মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। ন্যাভাল অ্যাকাডেমি (১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিম): ২৪টি (৩টি শূন্যপদ মহিলাদের জন্য সংরক্ষিত)।

**শিক্ষাগত যোগ্যতা:** ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে আর্মির ক্ষেত্রে যে-কোনও শাখায় উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমির এয়ারফোর্স ও ন্যাভাল উইং এবং ন্যাভাল অ্যাকাডেমিতে ১০+২ ক্যাডেট এন্ট্রির ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স নিয়ে উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। সব ক্ষেত্রেই যাঁরা উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

**জন্মতারিখ:** সব ক্ষেত্রেই জন্মতারিখ হতে হবে ১-১-২০০৮ থেকে ১-১-২০১১-র মধ্যে।

**দৈহিক মাপজোক:** আর্মির ক্ষেত্রে উচ্চতা: পুরুষ: ১৫৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৫২ সেমি), মহিলা: ১৫২ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৪৭ সেমি)। নেভির ক্ষেত্রে উচ্চতা: পুরুষ: ১৫৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৫২ সেমি), মহিলা: ১৫২ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৪৭ সেমি)। এয়ারফোর্সের গ্রাউন্ড ডিউটি শাখার ক্ষেত্রে উচ্চতা: পুরুষ: ১৫৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৫২ সেমি), মহিলা: ১৫২ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৪৭ সেমি)। এয়ারফোর্সের ফ্লাইং শাখার ক্ষেত্রে উচ্চতা: ১৬২.৫ সেমি, বসে থাকা অবস্থায় উচ্চতা ৮১.৫-৯৬ সেমি, পায়ের দৈর্ঘ্য ৯৯-১২০ সেমি, থাইয়ের দৈর্ঘ্য সর্বাধিক ৬৪ সেমি।

বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। অন্তত ৫ সেমি ফুলিয়ে বুকের ছাতির ন্যূনতম মাপ হতে হবে ৮২ সেমি।

**দৃষ্টিশক্তি:** আর্মি ও এয়ারফোর্সের গ্রাউন্ড ডিউটি শাখার ক্ষেত্রে: চশমা ছাড়া উভয় চোখে ৬/৩৬, চশমা সহ ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। হাইপারমেট্রোপিয়া থাকলে প্লাস ২.৫ ডি এবং মায়োপিয়া থাকলে মাইনাস ২.৫ ডির মধ্যে-হতে হবে। অস্টিগম্যাটিজম প্লাস-মাইনাস ২.০ ডির মধ্যে সীমাবদ্ধ হতে হবে। রং চেনার ক্ষমতা সিপি-টু মানের হতে হবে। নেভির ক্ষেত্রে: চশমা ছাড়া দুই চোখে ৬/১২, চশমা সহ ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। হাইপারমেট্রোপিয়া প্লাস ২.০ ডি, মায়োপিয়া মাইনাস ১.০ ডি, অস্টিগম্যাটিজম প্লাস-মাইনাস ১.০ ডির মধ্যে সীমাবদ্ধ হতে হবে। রং চেনার ক্ষমতা সিপি-ওয়ান মানের হতে হবে। এয়ারফোর্সের ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে: চশমা ছাড়া দুই চোখে ৬/৬, ৬/৯, কেবল হাইপারমেট্রোপিয়া থাকলে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। হাইপারমেট্রোপিয়া প্লাস ১.৫ ডি, অস্টিগম্যাটিজম প্লাস ০.৭৫ ডির মধ্যে সীমাবদ্ধ হতে হবে। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হবে।

সব ক্ষেত্রেই লাল ও সবুজ রং চেনার স্বাভাবিক ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি এবং নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। কোনওরকম দৈহিক ত্রুটি এই কাজের প্রতিকূল।

**প্রার্থী বাছাই** করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এই দু'টি বিষয়ে: ম্যাথমেটিক্স (কোড ০১), জেনারেল এবিলিটি টেস্ট (কোড ০২)। ম্যাথমেটিক্সে মোট নম্বর ৩০০। জেনারেল এবিলিটি টেস্ট অংশে নম্বর ৬০০। দু'টি পর্বেরই সময়সীমা আড়াই ঘণ্টা করে। কোড ০১-এ থাকবে অ্যালজেব্রা, ম্যাট্রিক্স অ্যান্ড ডিটারমিন্যান্টস, ট্রিগোনোমেট্রি, অ্যানালিটিক্যাল জিওমেট্রি অব টু অ্যান্ড থ্রি ডাইমেনশনস, ডিফারেনশিয়াল ক্যালকুলাস, ইন্টিগ্রাল ক্যালকুলাস অ্যান্ড ডিফারেনশিয়াল ইকুয়েশনস, ভেক্টর অ্যালজেব্রা এবং স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোবাবিলিটি। কোড ০২-এর পার্ট 'এ'-তে ইংরেজি (২০০ নম্বর) ও পার্ট 'বি'-এ জেনারেল নলেজের (৪০০ নম্বর) প্রশ্ন থাকবে। জেনারেল নলেজ অংশে ফিজিক্স, কেমিস্ট্রি, জেনারেল সায়েন্স, হিস্ট্রি, ফ্রিডম মুভমেন্ট, জিওগ্রাফি ও কারেন্ট ইভেন্ট বিষয়ক প্রশ্ন হবে। সব ক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি।

লিখিত পরীক্ষার পরে হবে ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন অ্যান্ড ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজি টেস্ট ও কনফারেন্স। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে।

নির্বাচিত প্রার্থীদের প্রথমে ৩ বছরের ট্রেনিং দেওয়া হবে। প্রথম আড়াই বছরের ট্রেনিং সবার ক্ষেত্রে একই। সফলরা জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের বি এসসি বা বি এসসি (কম্পিউটার) বা বি টেক (এয়ারফোর্স এবং নেভির ক্ষেত্রে) বা বি এ ডিগ্রি পাবেন। এরপর উইং অনুসারে বিশেষ ট্রেনিং দেওয়া হবে যথাক্রমে আর্মির জন্য দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে, নেভির জন্য এঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে, এয়ারফোর্সের জন্য হায়দরাবাদের এয়ারফোর্স অ্যাকাডেমি এবং এয়ারফোর্স (গ্রাউন্ড ডিউটি-নন টেকনিক্যাল)-এর জন্য বেঙ্গালুরুর এয়ারফোর্স টেকনিক্যাল কলেজে।

পেশাদারি ট্রেনিংয়ের সময় মাসে ৫৬,১০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যাবে। নিয়োগ হলে শুরুতে বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, সঙ্গে মিলিটারি সার্ভিস পে বাবদ প্রতি মাসে ১৫,৫০০ টাকা-সহ অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://upsconline.nic.in অনলাইন দরখাস্ত জমা দিতে হবে ৯ জুন পর্যন্ত। দু'টি পার্টে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই (উভয়ই জেপিজি ফর্ম্যাটে ২০-৩০০ কেবি সাইজের মধ্যে) এবং বৈধ সচিত্র পরিচয়পত্র (পিডিএফ ফর্ম্যাটে ২০-৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে নেট ব্যাঙ্কিং অথবা ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইউপিআইয়ের মাধ্যমে ফি দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রসিদের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। মহিলা, তফসিলি, সেনাকর্মীদের সৈনিক স্কুলে পাঠরত সন্তানদের ফি লাগবে না।

অনলাইনে দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in অথবা ফোন করতে পারেন এই নম্বরে: (০১১) ২৪০৪-১০০১/৪০৩০৩৪৪৪ (যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত)।

স্বনির্ভরতার সন্ধান

# ইচ্ছে আর উদ্যোগ থাকলে ব্যবসা দাঁড়াবেই

**পলিমার সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে বি টেক করেছেন রাজাবাজার সায়েন্স কলেজ থেকে। কিন্তু তারপর চাকরি নয়, তাঁকে টেনেছে ব্যবসা। আত্মপ্রত্যয়ী, নিজের পায়ে দাঁড়ানোর সিদ্ধান্তে অটল সৃজিতা দাস জানাচ্ছেন তাঁরই উদ্যোগের কথা।**



উচ্চ মাধ্যমিক পড়ার সময় থেকেই বিকল্প গয়না বা জাঙ্ক জুয়েলারি তৈরি করতাম। ভালো লাগত কাজটা। শখেই করতাম। উচ্চ মাধ্যমিক পরীক্ষার পরে খানিকটা সময় পাওয়া গেল। আমি আরও বেশি করে সেই কাজে মনোনিবেশ করলাম। পরিচিতদের উপহার দিতাম। অল্পসল্প বিক্রিও হত। নিজের ডিজাইন অনুসারে তৈরি সেই সব গয়না বিক্রি হলে খুব আনন্দ হত। তারপরে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের রাজাবাজার সায়েন্স কলেজে পলিমার সায়েন্স অ্যান্ড টেকনোলজির বি টেক কোর্স পড়তে শুরু করলাম। অন্য দিকে মন দেওয়া কঠিন ছিল। কিন্তু আমার পরিচিত ক্রেতাদের কাছ থেকে বরাত আসাটা থেমে থাকল না। রাত জেগে গয়না তৈরি করে ক্রেতাদের হাতে পৌঁছে দেওয়ার চেষ্টা করেছি ডিগ্রি কোর্সের ওই চার বছর।


২০২২-এ বি টেক ডিগ্রি পেলাম। কোভিড অতিমারীর জন্য সেবার ক্যাম্পাস ইন্টারভিউ ভালো হয়নি। দুটো ইন্টার্নশিপ কোর্স করলাম। চাকরিও পেলাম। কিন্তু চাকরিতে যোগ দেওয়ার সময়টাতেই কোভিডে আক্রান্ত হলাম। আর গয়নার ব্যবসার ইচ্ছেটাও প্রবল হয়ে উঠতে থাকল। পলিমার সায়েন্স নিয়ে পড়াশোনা করেছি। গয়না তৈরিতে রেজিনের ব্যবহার আমার কাছে সহজ হয়ে গিয়েছিল। ক্রেতাও প্রস্তুত ছিল। অবশেষে ইচ্ছের কথাটা বাড়িতে ঘোষণা করলাম। মা-বাবা দু'জনেই চাকরি করেছেন। আমরা দুই বোন। দিদি কর্পোরেট সেক্টরে কর্মরত। মা প্রথমে কিন্তু-কিন্তু করলেও পরে আমার ইচ্ছা মেনে নিলেন। ব্যবসার ব্যাপারে বাবা বেশ উৎসাহীই ছিলেন। সব মিলিয়ে পারিবারিক সমর্থন পেলাম।

অতঃপর 'ইয়ার্ন বাই সৃজিতা' নামে আমার সংস্থা শুরু হল। অবাক হয়ে লক্ষ্য করলাম, ব্যবসাটা শুধু গয়নার মধ্যে সীমিত রাখা যাচ্ছে না। নির্দিষ্ট একটা গয়নার সঙ্গে কেমন পোশাক মানানসই হবে তা নিয়ে প্রথমে পরামর্শ চাওয়া, তারপরে সেই মানানসই পোশাক জোগাড় করে দেওয়ার ফরমায়েশ আসতে লাগল। আমার ব্যবসাও আর-একটা মোড় নিল। ছোটাছুটি বাড়ল। তাঁতিদের সঙ্গে পরিচয় হল। কাজও শুরু হল তাঁদের সঙ্গে। গয়না তৈরির জন্য সহকারীর দরকার হয়ে পড়ল। ক্রমে দেখলাম, আমি আর একা নই। আরও মানুষ যুক্ত হয়ে পড়েছেন আমার ব্যবসার সঙ্গে। দায়িত্ব বাড়ল।

বি-টেক পড়ে আমি চাকরি না করে ব্যবসা করি, শুনলে অনেকে অবাক হন। তবে এখন প্রত্যয়ের সঙ্গে বলতে পারি, ব্যবসাটাই করব। ইচ্ছে থাকলে আর আনন্দের সঙ্গে পরিশ্রম করলে নিজের পায়ে দাঁড়ানোর সুযোগ অবশ্যই রয়েছে।

(সৃজিতা দাসের সঙ্গে যোগাযোগ করুন এই ই-মেল আইডিতে: dassrijita04@gmail. com)

# ল্যান্ডস্কেপ তৈরি ও বাগান পরিচর্যার প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** গাছ, ফুল দিয়ে বাগানের সৌন্দর্যায়ন করা হয় রাস্তার দু'পাশে, পার্কে, সরকারি বেসরকারি অফিস, কলেজ, স্কুল, আবাসন, পেট্রোলপাম্প, হাসপাতাল ইত্যাদি একাধিক জায়গায়। এর ফলে জায়গাটি হয়ে ওঠে সুন্দর। শুধু গাছ রোপণ ও তার পরিচর্যাই নয়, কোন গাছের পাশে কোন গাছ, লন তৈরি, সবুজ গাছ ছাঁটাই করে বিভিন্ন অবয়ব লাগালে তা দৃষ্টিনন্দন হবে, গাছ তৈরি করার পদ্ধতি ইত্যাদি জানতে হয় সৌন্দর্যায়নের জন্য। এই ধরনের কাজ করতে গেলে যেমন গাছ সম্পর্কে ধারণা থাকা প্রয়োজন, তেমন পাশাপাশি শৈল্পিক মনন থাকাও প্রয়োজন। পাশাপাশি জানা প্রয়োজন কী ভাবে এই ধরনের ল্যান্ডস্কেপ গার্ডেন রক্ষণাবেক্ষণ করতে হয়। এই ধরনের বাগান সৌন্দর্যায়নের কাজের চাহিদা বাড়ছে। বিশেষ করে যাঁদের নার্সারি আছে তাঁরা এই ধরনের কাজ শিখে রাখলে উপার্জন বাড়বে। তবে এই পদ্ধতি জানার জন্য প্রশিক্ষণ দরকার। এই বিষয়ে জুন মাসে হাতেকলমে (অফলাইন) এবং অনলাইনে দু'টি প্রশিক্ষণ দেবে উত্তরপ্রদেশের নয়ডার ইন্সটিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। বয়সের কোনও বাধানিষেধ নেই। মহিলা ও পুরুষ উভয়েই আবেদন করতে পারেন। অফলাইন কোর্সের জন্য হোস্টেলে থেকে প্রশিক্ষণ নেওয়ার সুব্যবস্থা আছে। তবে বিষয়টি সম্পর্কে বুঝে তারপরে যাঁরা হাতে-কলমে প্রশিক্ষণ নিতে চাইছেন তাঁরা অনলাইনে একদিনের প্রশিক্ষণটিতে যোগ দিয়ে বিষয়টি সম্পর্কে ধারণা করে নিতে পারেন। এছাড়া যাঁরা এই মুহূর্তে নিজের রাজ্যের বাইরে গিয়ে শিখতে পারছেন না, তাঁরাও অনলাইনে শিখতে পারেন।

**কোর্সের নাম:** ল্যান্ডস্কেপ অ্যান্ড গার্ডেন মেনটেনেন্স।

**কী পড়ানো হবে:** মাটির স্বাস্থ্য, কী ভাবে ঘাসের লন তৈরি করতে হয় এবং তা রক্ষণাবেক্ষণ, মাইক্রো ইরিগেশন টেকনিক, প্রুনিং বা গাছ ছাঁটাই, বাগান পরিচর্যা ইত্যাদি।

**কোর্সের সময়:** ২২ থেকে ২৬ জুন। ক্লাস হবে সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত।

**কোর্স ফি:** ১০,৮৫০ টাকা।

৮ থেকে ১০ জুন এই একই কোর্স অনলাইনে করা যাবে। ক্লাসের সময় সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত। কোর্স ফি ৫,৮৮০ টাকা।

আধুনিক বাগান তৈরির একদিনের একটি অনলাইনে কোর্স করাবে এই প্রতিষ্ঠান। বাড়ি থেকে অফিস, মডার্ন গার্ডেনিংয়ের পরিকাঠামো তৈরি শেখা যাবে এই একদিনের কোর্সে।

**কোর্সের নাম:** অনলাইন মডার্ন হোম গার্ডেনিং অ্যান্ড কেয়ার।

**সময়সীমা:** ৫ জুন, সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত।

**কী শেখানো হবে:** টবের মাটি তৈরি, জল নিষ্কাশন ব্যবস্থা, গাছে জল দেওয়ার কারিকুরি, আলোর প্রয়োজনীয়তা, প্রাকৃতিক কীটনাশক, গাছের খাদ্য, প্রুনিং ইত্যাদি।

**কোর্স ফি:** ৯০০ টাকা।

**আবেদনের পদ্ধতি:** প্রয়োজনীয় নথি সহ ফর্ম পূরণ করে আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https:///iht.edu.in

# ইউজ অ্যান্ড থ্রো পেনের ব্যবসা

*প্রথম পাতার পর*

উৎপাদন শুরু করা যায়।

## ইউজ অ্যান্ড থ্রো পেন তৈরির মেশিন

ইউজ অ্যান্ড থ্রো পেন তৈরি করতে মোট ৫টি মেশিন লাগে। রিফিলের মুখে গার্ড লাগানোর জন্য ২টি মেশিন, ভাইব্রেটর মেশিন, নডাল মেশিন এবং কালি রিফিল করার মেশিন। পাঁচটি মেশিনের একত্রে দাম পড়বে. প্রায় ১৫,০০০ টাকা। এগুলি ম্যানুয়াল মেশিন। মেশিনগুলির সাহায্যে বল পেন তৈরি হয়ে গেলে পেনের গায়ে উৎপাদনকারী সংস্থার নাম লেখার জন্য আরও একটি মেশিন দরকার হবে। এটি আলাদা ভাবে কিনতে হবে।

অটোমেটিক পেন তৈরির মেশিনের দাম চার লক্ষ টাকা। এই মেশিনে এক মিনিটে ১০০ থেকে ১২০ পিস পেন তৈরি হতে পারে। বিভিন্ন কালির বল পেন তৈরির জন্য বিভিন্ন মেশিনের প্রয়োজন পড়ে না। কালির রিফিল বদলে দিলেই হয়। পেনের নিবের উপর নির্ভর করে সরু ও. মোটা দাগ। বিভিন্ন নিবের জন্যও আলাদা মেশিনের দরকার পড়ে না। কলকাতার বড়বাজার অঞ্চলে কম দামে উপকরণ কিনতে পাওয়া যায়। এছাড়া অনলাইনও কিনতে পারেন।

## কোথায় বিপণন

কাগজ, খাতা, অফিসের স্টেশনারি সামগ্রী বিক্রি করে, এমন সব দোকানই কলম বিক্রি করে। দোকানের কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে পাইকারি হারে উৎপাদিত কলম বিক্রির ব্যবস্থা করতে পারেন। এ ছাড়া স্কুল, কলেজ ও অফিসে সরাসরি কলম সরবরাহ করা যায়।

**মেশিনের জন্য যোগাযোগ:** ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০১৩, ফোন: (০৩৩) ২২৩৬-৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬। ই-মেল-bharatmachinetools1@rediffmail.com

## মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন এই ঠিকানায়— মালয়ালা মনোরমা, ৬, লেক টেম্পল রোড, কলকাতা - ৭০০০২৯, পশ্চিমবঙ্গ।

খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন ক্যুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জনকে মনোরমা ইয়ারবুক ২০২৬ বইটি পুরস্কার দেওয়া হবে।*

দেরি করবেন না! এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ **মনোরমা ইয়ারবুক** ও **কর্মক্ষেত্র**-য় পাবেন।

## এক ডজন ক্যুইজ

1. ১৯৭২ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের পর স্বাক্ষরিত ভারত-পাক চুক্তিটির নাম কী?
   A. সিমলা চুক্তি B. পঞ্চশীল চুক্তি C. ঢাকা চুক্তি
2. সামনে ও পিছনে উভয়দিকেই (অতীত ও ভবিষ্যৎ) দেখতে পান, দুই মাথা বিশিষ্ট এক রোমান দেবতা, যাঁর নামে একটি মাসের নামকরণ হয়েছে। কোন মাস?
   A. জানুয়ারি B. ফেব্রুয়ারি C. ডিসেম্বর
3. সিধু-কানহুর নেতৃত্বে ব্রিটিশ বিরোধী উপজাতি বিদ্রোহের স্থান কোথায় ছিল?
   A. অসম B. মধ্যপ্রদেশ C. ছোটনাগপুর
4. ভারতীয় সংবিধানের কোন সংশোধনীটিকে 'মিনি' (mini) বা ছোট্ট সংবিধান 'ডাক নাম' দেওয়া হয়েছিল?
   A. প্রথম সংশোধনী B. ৫০তম সংশোধনী C. ৪২তম সংশোধনী
5. কোন ব্যক্তির দ্বিতীয় আত্মজীবনীর নাম 'ফ্রিডম ইন এক্সাইল'?
   A. লিও টলস্টয় B. দলাই লামা C. চিয়াং কাই শেক
6. মার্কিন মিশনারি প্রকাশিত উত্তরপূর্ব ভারতের প্রথম সংবাদপত্র *অরুণোদয়* (১৮৪৬) কোন ভাষায় প্রকাশ পায়?
   A. বাংলা B. অসমীয়া C. মণিপুরি
7. কবিতাটির বয়স হাজার বছর। ১৯ শতকের শেষে এতে সুর যুক্ত করে এটিকে জাতীয় সঙ্গীতের মর্যাদা দেওয়া হয়। কোন দেশ?
   A. দক্ষিণ কোরিয়া B. জাপান C. মঙ্গোলিয়া
8. বিশ্বের কোন দেশের জাতীয় সঙ্গীতে ইংরেজি, আফ্রিকানাস, জোসা, জুলু, সেসোথো— এই পাঁচটি ভিন্ন ভাষা আছে?
   A. রাশিয়া B. দক্ষিণ আফ্রিকা C. নাইজেরিয়া
9. ভারতের কোন রাজ্যে বায়োইঞ্জিনিয়ারিংয়ের উদাহরণ 'লিভিং রুট ব্রিজ' অবস্থিত?
   A. সিকিম B. মণিপুর C. মেঘালয়
10. সাপ-মইয়ের লুডো খেলার পূর্বসূরি এই খেলাটি নির্মাণ করেন ত্রয়োদশ শতকের সাধু এবং কবি জ্ঞান দেব। পাপ ও পুণ্যের শিক্ষা দায়ক খেলাটির নাম কী ছিল?
    A. মোক্ষপথ B. উত্তরাপথ C. পাপ ও পুণ্য
11. ইউরোপ, আফ্রিকা সহ বিশ্বের ১৫টি দেশের জাতীয় প্রাণীর মর্যাদা পেয়েছে কোন স্তন্যপায়ী পশু?
    A. ডলফিন B. মহিষ C. সিংহ
12. বিশ্বের বৃহত্তম বিমানবন্দর কিং ফাহদ কোন দেশে অবস্থিত?
    A. সংযুক্ত আরব আমিরশাহী B. ইরান C. সৌদি আরব

### উত্তর

সঠিক উত্তরটির পাশের বাক্সে x চিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| 1. | A☐ | B☐ | C☐ |
| 2. | A☐ | B☐ | C☐ |
| 3. | A☐ | B☐ | C☐ |
| 4. | A☐ | B☐ | C☐ |
| 5. | A☐ | B☐ | C☐ |
| 6. | A☐ | B☐ | C☐ |
| 7. | A☐ | B☐ | C☐ |
| 8. | A☐ | B☐ | C☐ |
| 9. | A☐ | B☐ | C☐ |
| 10. | A☐ | B☐ | C☐ |
| 11. | A☐ | B☐ | C☐ |
| 12. | A☐ | B☐ | C☐ |

**মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র** এক ডজন ক্যুইজ

Name: ..........................................

Address: ..........................................

..........................................

..........................................

..........................................

Pin Code: ..........................................

Ph./Mob. No.: ..........................................

মে, ২০২৬

ফেব্রুয়ারি, ২০২৬ ক্যুইজে পুরস্কার জয়ী: অভিজিৎ দাস, কলকাতা; শিপ্রা মিত্র, নদীয়া; সৌরভ দাস অধিকারি, পূর্ব মেদিনীপুর; অনুকূল চন্দ্র পাল, উত্তর ২৪ পরগনা; শ্রেয়া রায়, মালদা। পুরস্কার : প্রত্যেকে ১,০০০ টাকা। সান্ত্বনা পুরস্কার প্রাপকদের বই ডাকযোগে পাঠানো হবে।

**ফেব্রুয়ারি, ২০২৬ ক্যুইজের উত্তর:** 1-C, 2-A, 3-B, 4-B, 5-C, 6-C, 7-C, 8-C, 9-A, 10-A, 11-B, 12-A

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৪ মে-১৮ মে

**১৪ মে** অষ্টাদশ বিধানসভার স্পিকার পদে কোচবিহার দক্ষিণের বিধায়ক রথীন্দ্রনাথ বসুকে বেছে নিল বিজেপি। রথীন্দ্রনাথ স্পিকার পদের জন্য মনোনয়নও জমা দিয়েছেন। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী স্পিকার পদে রথীন্দ্রনাথের নাম মনোনীত করেন। সমর্থন করেন দিলীপ ঘোষ। উল্লেখ্য, সঙ্ঘের সঙ্গে সম্পৃক্ত, পেশায় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট রথীন্দ্রনাথ উত্তরবঙ্গের রাজনীতিতে পরিচিত নাম। পরদিন ১৫ মে বিধানসভায় অধ্যক্ষ নির্বাচিত হয়েছেন তিনি। স্পিকার নির্বাচিত হওয়ার পর রথীন্দ্রনাথ বলেন, 'বিরোধীদের সব অধিকার সুরক্ষিত হবে। দেশের ২১টি রাজ্যে বিজেপি সরকার চালাচ্ছে। এখানেও তা-ই হবে।'


## ট্রাম্পের দাবি সফল চিন সফর, নীরব চিন



১৫ মে: মার্কিন-প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দু'দিনের চিন সফর শেষ হল। আমেরিকা ও চিনের মধ্যে কোনও উল্লেখযোগ্য বাণিজ্যিক চুক্তি স্বাক্ষরিত হওয়ার সরকারি ঘোষণা না হলেও মার্কিন প্রেসিডেন্ট বলেছেন, 'চমৎকার কয়েকটি বাণিজ্য চুক্তি করা গিয়েছে। যা দু'দেশের উন্নতিতেই কাজে আসবে।' ট্রাম্প জানিয়েছেন, মার্কিন সংস্থা বোয়িংয়ের তৈরি ২০০টি যাত্রিবাহী বিমান কিনতে সম্মত হয়েছে চিন। তবে চিনা প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে দ্বিপাক্ষিক শুল্ক সংক্রান্ত বিষয়ে কোনও আলোচনা হয়নি বলে জানিয়েছেন ট্রাম্প। তবে ওয়াশিংটন জানিয়েছে, শুল্ক বিষয়ক বিভিন্ন আলোচনার জন্য ট্রাম্প এবং শি 'বোর্ড অব ট্রেড' নামের একটি সংগঠন তৈরি করতে সম্মত হয়েছেন।

**১৫ মে** পাঁচ দেশ সফরে বেরিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রথম গন্তব্য সংযুক্ত আরব আমির শাহি থেকে বড় সাফল্য আসার দাবি করল নয়াদিল্লি। সেদেশের প্রেসিডেন্ট মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে দ্বি-পাক্ষিক বৈঠক করেন মোদী। জ্বালানি-নিরাপত্তা, পরিকাঠামো, প্রতিরক্ষা, জাহাজ ও অত্যাধুনিক প্রযুক্তিক্ষেত্রে দু'দেশের চুক্তি হয়েছে। ভারতে পাঁচশো কোটি ডলার বিনিয়োগের প্রতিশ্রুতি দিয়েছে আমিরশাহি। বৈঠকে পশ্চিম এশিয়ার অশান্ত পরিস্থিতিতে সংযুক্ত আরব আমিরশাহির উপরে হামলা চালানোর ঘটনার তীব্র নিন্দা করেছেন মোদী। তিনি জানান, ভারত সর্বদাই শান্তি প্রতিষ্ঠার পক্ষে। উল্লেখ্য, এদিনের আলোচনার মূল বিষয় ছিল জ্বালানি-নিরাপত্তা যা অনেকাংশে সফল হয়েছে বলে জানা গিয়েছে।

**দেশের বেকার তরুণ-তরুণীদের** একাংশের আচরণ 'আরশোলা'র মতো বলে কটাক্ষ করলেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্যকান্ত। তাঁর মতে, ওই তরুণ-তরুণীরা কোনও পেশায় স্থান না পেয়ে সাংবাদিক, সমাজ মাধ্যম ব্যবহারকারী বা তথ্যের অধিকার কর্মী হিসেবে কাজ শুরু করেন ও সকলকে আক্রমণ করেন। এক আইনজীবীর 'সিনিয়র অ্যাডভোকেট' তকমা নিয়ে মামলায় এই মন্তব্য করেছেন প্রধান বিচারপতি। তবে সমাজের নানা স্তরে দেশের প্রধান বিচারপতির এমন মন্তব্য গ্রহণযোগ্য নয় বলে মন্তব্য এসেছে।



"সিবিএসই-র ফলাফলে জালিয়াতি হয়েছে। যার ফলে লক্ষ-লক্ষ পড়ুয়া ও তাঁদের অভিভাবকরা ধাক্কা খেয়েছেন। কিন্তু মোদীজি প্রতিবারের মতোই না কোনও জবাব দিয়েছেন, না কোনও দায়িত্ব নিয়েছেন, না লজ্জিত হয়েছেন।"

রাহুল গান্ধী, *কংগ্রেস নেতা ও লোকসভার বিরোধী দলনেতা*

প্রথমে নিটের প্রশ্ন ফাঁস, তারপর সিবিএসই দ্বাদশের ফলপ্রকাশে নতুন অনস্ক্রিন মার্কিং পদ্ধতি (ওএসএম) ব্যবহার নিয়ে বিতর্ক হওয়া সত্ত্বেও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নীরবতাকে কটাক্ষ করে

## প্রয়াত উস্তাদ সাবির খান



১৪ মে: খ্যাতনামা তবলা-শিল্পী, উস্তাদ সাবির খান (৬৭) প্রয়াত হলেন। ঐতিহ্যবাহী ফারুকাবাদ ঘরানার শিল্পী ছিলেন তিনি। পিতামহ উস্তাদ মাসিত খানের কাছে তবলা শিক্ষার শুরু সাবিরের। পরে প্রশিক্ষণ পান তাঁর বাবা তথা উপমহাদেশের অন্যতম কিংবদন্তি তবলিয়া উস্তাদ কেরামতুল্লা খানের কাছে। নিজের সাংগীতিক জীবনে পণ্ডিত রবিশঙ্কর, উস্তাদ নিসার হুসেন খান, পণ্ডিত মল্লিকার্জুন মনসুর, উস্তাদ আমজাদ আলি খান, পণ্ডিত হরিপ্রসাদ চৌরাশিয়ার মতো বহু কিংবদন্তি শিল্পীর সঙ্গে সঙ্গতে ছিলেন সাবির।


**রাজ্যের বিজেপি সরকার প্রশাসনিক** কাজ শুরু করার চার দিনের মধ্যেই আরজিকর মামলা নিয়ে পদক্ষেপ করল। অভয়া কাণ্ডের তদন্তে সেই সময়ে যুক্ত তিন আইপিএস অফিসারকে সাসপেন্ড (নিলম্বিত) করে তাঁদের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরুর ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সাসপেন্ড হওয়া অফিসাররা হলেন কলকাতা পুলিশের তৎকালীন নগরপাল বিনীত গোয়েল, কলকাতা পুলিশের তৎকালীন ডিসি (উত্তর) অভিষেক গুপ্ত এবং তৎকালীন ডিসি (সেন্ট্রাল) ইন্দিরা মুখোপাধ্যায়।

**১৬ মে** পাঁচ দেশীয় সফরের দ্বিতীয় গন্তব্য নেদারল্যান্ডসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেখা করলেন সেদেশের রাজা উইলেম আলেকজান্ডার এবং রানি ম্যাক্সিমার সঙ্গে। এর আগের দিন রাজধানী আমস্টারডামে অবতরণ করে মোদীর বিশেষ বিমান। তাঁকে স্বাগত জানান সেদেশের রাজার অ্যাডজুট্যান্ট-জেনারেল তথা সেনাপ্রধান অ্যাডমিরাল লুডগার ক্রুমেলার। উপস্থিত ছিলেন নেদারল্যান্ডসের বিদেশমন্ত্রী টম বেরেন্ডসেন এবং সে দেশে ভারতের রাষ্ট্রদূত কুমার তুহিন। ভারতীয় বিদেশমন্ত্রকের তরফে এক বিবৃতি দিয়ে জানানো হয়েছে প্রযুক্তি, প্রতিরক্ষা, পরিবেশ বান্ধব শক্তি, সেমি-কন্ডাক্টর এবং পারস্পরিক বাণিজ্যের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে সহযোগিতার প্রশ্নেই প্রধানমন্ত্রীর এই নেদারল্যান্ডস সফর।

**রাজ্যের সাতটি জাতীয় সড়কের** দায়িত্ব কেন্দ্রের হাতে তুলে দিল রাজ্য সরকার। বিশেষ করে উত্তরবঙ্গকে কেন্দ্র করে থাকা ওই মহাসড়কগুলিকে হাতে নেওয়ার প্রস্তাব দেয় জাতীয় সড়ক কর্তৃপক্ষ (এনএইচএআই)। কারণ এগুলি নেপাল-ভুটান-বাংলাদেশের আন্তর্জাতিক সীমান্ত পর্যন্ত বিস্তৃত। এতদিন সেই ছাড়পত্র রাজ্য সরকারের অনুমোদনের অপেক্ষায় ছিল। রাজ্যে পালাবদলের পর সড়কগুলির দায়িত্ব এনএইচএআই-এর হাতে তুলে দিল রাজ্য। এবিষয়ে সরকারি বিজ্ঞপ্তিও প্রকাশ করছেন মুখ্যসচিব মনোজ আগরওয়াল।

**১৭ মে** হরমুজ প্রণালীতে বাণিজ্যিক নৌপরিবহণের নিরাপত্তা নিয়ে রাষ্ট্রপুঞ্জে সরব হল নয়াদিল্লি। রাষ্ট্রপুঞ্জের অর্থনৈতিক ও সামাজিক কাউন্সিলের ওই বিশেষ বৈঠকে রাষ্ট্রপুঞ্জে ভারতের স্থায়ী প্রতিনিধি পি হরিশ বলেন, 'হরমুজ প্রণালীতে বাণিজ্যিক জাহাজ আক্রমণ, অসামরিক জাহাজ কর্মীদের উপরে হামলা এবং নৌ-পরিবহণের স্বাধীনতায় ব্যাঘাত সৃষ্টি করা কোনওভাবেই মেনে নেওয়া যায় না। নিরাপদ যাতায়াত সংক্রান্ত আন্তর্জাতিক আইনকে সকলের সম্মান জানানো উচিত।' উল্লেখ্য, পশ্চিম এশিয়ায় চলমান সংঘাতের কারণে বিশ্বজুড়ে জ্বালানি ও সারের বিপুল সঙ্কট তৈরি হয়েছে। এই বিশ্বজনীন সঙ্কট কাটাতে আন্তর্জাতিক সহযোগিতা একান্ত জরুরি বলেও রাষ্ট্রপুঞ্জে আবেদন জানিয়েছেন ভারতীয় প্রতিনিধি।

## চার দশক পর নরওয়ে গেলেন ভারতীয় প্রধানমন্ত্রী



১৭ মে: চার দশক পরে ভারতীয় প্রধানমন্ত্রী হিসেবে নরওয়ে সফরে গেলেন নরেন্দ্র মোদী। ওসলো-তে সেদেশের প্রধানমন্ত্রী ইউনাস গাহর স্টোরের সঙ্গে বৈঠকের পর বাণিজ্য ও বিনিয়োগ, বিজ্ঞান ও প্রযুক্তি, কৃত্রিম মেধা-সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও জোরদার করতে একমত হয়েছেন দুই নেতা। চুক্তি হয়েছে মহাকাশ ও প্রযুক্তি সহযোগিতা এবং মেরু গবেষণার জন্য জাহাজ (পোলার রিসার্চ ভেসেল) নির্মাণের ক্ষেত্রে। এই নির্মাণের জন্য কলকাতার 'গার্ডেনরিচ শিপবিল্ডারস অ্যান্ড ইঞ্জিনিয়ারস লিমিটেড', নরওয়ের 'কংসবার্গ'-এর সঙ্গে চুক্তি সই করেছে। দ্বি-পাক্ষিক সম্পর্ককে পরিবেশবান্ধব কৌশলগত সম্পর্কে উন্নীত করার বিষয়েও সিদ্ধান্ত হয়েছে। এর মূল লক্ষ্য জ্বালানির পরিবেশবান্ধব রূপান্তর এবং সমুদ্র অর্থনীতির বিকাশ। তবে প্রধানমন্ত্রীর নরওয়ে সফরে বিতর্কও তৈরি হয়েছে সাংবাদিকের প্রশ্নের উত্তর না দেওয়া নিয়ে। এদিন নরওয়ের প্রধানমন্ত্রী জোনাস গাহর স্টোরকে পাশে নিয়ে প্রেস বিবৃতি সেরে মোদী সাংবাদিকদের প্রশ্নের উত্তর না দিয়েই মঞ্চ ছাড়েন। যিনি প্রশ্ন করেছিলেন, নরওয়ের সেই সাংবাদিক হেলে লিং তাঁর এক্স হ্যান্ডলে লেখেন, 'ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আমার প্রশ্নের উত্তর দিলেন না। এটা আমি তাঁর কাছে আশা করিনি।'

**১৮ মে** পশ্চিমবঙ্গে তৃণমূল সরকারের আমলে চালু ধর্মীয় বিন্যাসের অধীনে আর্থিক সহায়তা দেওয়ার প্রকল্প বন্ধ করল বিজেপি সরকার। রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত হয়েছে। জানানো হয়েছে, এই ধরনের সহায়তা মে মাসেই শেষবার পাওয়া যাবে। তবে পড়ুয়াদের বৃত্তি বন্ধ হচ্ছে না বলে জানা গিয়েছে। উল্লেখ্য, সরকার গড়েই খরচে রাশ টানার ইঙ্গিত দিয়েছিল বিজেপি। প্রশাসনের বক্তব্য, এই ভারসাম্য রাখতে কোন খরচ প্রয়োজন, কোনটা নয় তার সমীক্ষা শুরু হয় শুরু থেকেই। তাতে অগ্রাধিকারের নিরিখে আয়ুষ্মান ভারত, অন্নপূর্ণা যোজনা, নিখরচায় মহিলাদের বাসযাত্রা, বেতন কমিশন গঠন ইত্যাদি ভোট প্রতিশ্রুতিকেই অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

**আর জি কর কাণ্ডের প্রেক্ষিতে** এবার আর্থিক দুর্নীতি মামলায় নাম জড়ানো সেখানকার তৎকালীন সুপার সন্দীপ ঘোষের বিরুদ্ধে বিচার-প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে ইডি-কে ছাড়পত্র দিল রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী শুভেদু অধিকারী বলেছেন, 'কুখ্যাত সন্দীপ ঘোষের বিরুদ্ধে ইডি-কে আইনি পদক্ষেপ করে সংশ্লিষ্ট ব্যক্তিকে দোষী সাব্যস্ত করার অনুমতি দেওয়া হল। তৃণমূল সরকার জোর করে, অনৈতিকভাবে এই মামলার তদন্ত প্রক্রিয়া দীর্ঘদিন আটকে রেখেছিল।' রাজ্য সরকারের তরফে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দফতর সন্দীপের বিরুদ্ধে পিএমএলএ আইনে বিচার প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাওয়ার অনুমোদন দিয়েছে।

## যৌথ বিবৃতি ছাড়াই শেষ হল ব্রিকস বিদেশমন্ত্রীদের বৈঠক




১৫ মে: নয়াদিল্লিতে আয়োজিত ব্রিকস বিদেশমন্ত্রীদের বৈঠক যৌথ বিবৃতি ছাড়াই শেষ হল। পশ্চিম এশিয়ার ক্রমবর্ধমান সংঘাত নিয়ে সদস্য দেশগুলির মধ্যে ঐকমত্য না হওয়ায় এই পরিস্থিতি তৈরি হল। যৌথ ঘোষণাপত্রের বদলে বৈঠকশেষে ভারতের তরফে একটি 'চেয়ার'স স্টেটমেন্ট' প্রকাশ করা হয়। সেখানে জানানো হয়েছে, পশ্চিম এশিয়ার পরিস্থিতি নিয়ে সদস্য দেশগুলির অবস্থানে মতপার্থক্য রয়েছে। তবে পশ্চিম এশিয়া প্রসঙ্গে অচলাবস্থা তৈরি হলেও শক্তি সহযোগিতা, ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার (ডিপিআই), বাণিজ্য, জলবায়ু মোকাবিলা, আর্থিক অন্তর্ভুক্তি এবং বিশ্ব শাসনব্যবস্থার সংস্কার-সহ প্রায় ৬০টি বিষয়ে একমত হয়েছে ব্রিকসের সদস্য দেশগুলি।

## সুইডেনে মোদী, অর্থনৈতিক ও প্রযুক্তিগত সহযোগিতা বাড়ানোয় জোর



১৭ মে: প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর পাঁচ দেশের সফরের তৃতীয় গন্তব্য সুইডেনের বন্দর শহর গোথেনবার্গ-এ পৌঁছলেন। বিমানবন্দরে তাঁকে অভ্যর্থনা জানান সেদেশের প্রধানমন্ত্রী উলফ ক্রিস্টারসন। প্রধানমন্ত্রী প্রতিনিধি পর্যায়ের বৈঠকের পর মোদী ও ক্রিস্টারসনের শীর্ষ বৈঠক হয়। ভারত ও সুইডেনের বর্তমান সম্পর্ককে কৌশলগত সম্পর্কের রূপ দেওয়ার কথা বলেছেন দুই প্রধানমন্ত্রী। ভারত বর্তমানে উত্তর ইউরোপের দেশগুলির সঙ্গে অর্থনৈতিক ও প্রযুক্তিগত সহযোগিতা বাড়ানোর উপরে জোর দিচ্ছে। সেই দিক থেকে এই সফর যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন বিশেষজ্ঞরা। এদিন ভারতের প্রধানমন্ত্রীকে সুইডেনের সর্বোচ্চ নাগরিক সম্মান, 'রয়্যাল অর্ডার অব পোলার স্টার' সম্মান প্রদান করা হয়।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# নিজেই তৈরি করুন কেঁচো সার



জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষা—দু'য়ের ক্ষেত্রেই জৈব সারের কোনও বিকল্প নেই। আর জৈব সারের মধ্যে সবচেয়ে বেশি কার্যকরী হল ভার্মিকম্পোস্ট বা কেঁচো সার। খোলা বাজারে যখন সারের দাম ক্রমশ ঊর্ধ্বমুখী, সে সময় অল্প খরচে চাষিরা নিজেরাই বানিয়ে নিতে পারেন কেঁচো সার। জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।

## কেঁচো সার কী?

অর্ধপচা উদ্ভিদ ও প্রাণীজাত জৈব বস্তু থেকে কেঁচোর সাহায্যে মল আকারে প্রাপ্ত বস্তু, যার ব্যবহারে জমির উর্বরতা বৃদ্ধি-সহ নানাবিধ উপকার পাওয়া যায়, তাকেই কেঁচো সার বা ভার্মিকম্পোস্ট বলে।

## কেঁচো সারের উপকারিতা

১) কেঁচো সারে গোবর সার বা সাধারণ কম্পোস্ট সারের তুলনায় শুধুমাত্র খাদ্যোপাদানই বেশি থাকে না, বেশি পরিমাণে উপকারী জীবাণু থাকে।
২) মাটিতে যে-সাধারণ উদ্ভিদ খাদ্যকণা থাকে, ভার্মিকম্পোস্টে তার ৪.৬ গুণ. গ্রহণযোগ্য নাইট্রোজেন, ৭.২ গুণ গ্রহণযোগ্য ফসফরাস এবং ১১ গুণ গ্রহণযোগ্য পটাশিয়াম থাকে।
৩) কেঁচো সারে প্রচুর পরিমাণে কোকুন (কেঁচোর ডিম) থাকে, যা মাটিতে উপযুক্ত পরিবেশে প্রস্ফুটিত হয়, যার ফলে মাটিতে বায়ু এবং জল সঞ্চালন বৃদ্ধি পায়।
৪) মাটিতে কেঁচোর মলমূত্র, শ্লেষ্মা মিশে মাটির অম্লত্ব-ক্ষারত্বের মধ্যে ভারসাম্য আনতে সাহায্য করে।
৫) কেঁচোর বিছানা (ভার্মি বেড) বা কেঁচোর গা-ধোয়া জল (ভার্মি বেড ওয়াশ/ভার্মি ওয়াশ) ফসলে স্প্রে করলে গাছের বৃদ্ধি ভালো হয় এবং ফলনও বাড়ে।

## কেঁচো সার তৈরির উপকরণ

ধৈঞ্চা পাতা, সুবাবুল গাছের পাতা, শিম্বগোত্রীয় অন্যান্য গাছের পাতা, ফুলকপি, বাঁধাকপি, কচুরিপানা, টোপাপানা প্রভৃতি ভার্মিকম্পোস্ট তৈরির জন্য খুবই উপযুক্ত। এছাড়া ধান ও গমের খড়, বিভিন্ন শস্যের ভুষি, গৃহস্থালির আবর্জনা, গোবর, সবজির খোসা, শ্যাওলা ইত্যাদি কেঁচো সার তৈরিতে ব্যবহার করা যাবে।

## কোন জিনিসের ব্যবহার নিষিদ্ধ

১) পেঁয়াজের খোসা, রসুনের খোসা, ডিমের খোসা ইত্যাদি যা সহজে পচে না।
২) লঙ্কা এবং অন্যান্য মশলা।
৩) অম্ল সৃষ্টিকারী বর্জ্য যেমন লেবু, টম্যাটো, তেঁতুল, কাঁচা বা রান্না করা মাছ-মাংসের অবশিষ্টাংশ।



৪) অজৈব পদার্থ যেমন পাথর, ইটের টুকরো, বালি, পলিথিন বা প্লাস্টিক।

## উন্নত প্রজাতির কেঁচো

এইসেনিয়া ফেটিডা ও ইউড্রিলাস ইউজেনি নামক কেঁচোর দু'টি জাত খুব দ্রুত সার তৈরিতে সাহায্য করে। লালচে রঙের এই কেঁচো প্রতিদিন নিজের দেহের ওজনের সমপরিমাণ খাদ্য গ্রহণ করে। এই প্রকারের কেঁচো গৃহীত খাদ্যের ১০ শতাংশ নিজের শরীরের পুষ্টি সাধনে কাজে লাগায় ও বাকিটা মল আকারে দেহ থেকে বের করে দেয়।

## কেঁচো সার তৈরির পদ্ধতি

কেঁচো সার ইট-বালি-সিমেন্ট দিয়ে তৈরি পাকা জায়গায়, মাটির পাত্রে, কাঠের বাক্সে বা প্লাস্টিক দিয়ে তৈরি ভার্মি বেড ব্যবহার করেও উৎপন্ন করতে পারেন। তবে স্বল্প খরচে ও অল্প পরিসরে নিম্নলিখিত পদ্ধতিতে কেঁচো সার তৈরি করা যেতে পারে—
১) জল জমে না এমন ৬ ফুট×৩ ফুট×১.৫ ফুট চওড়া একটি জায়গা নির্বাচন করে উপরে ছাউনির ব্যবস্থা করতে হবে।
২) ইঁট দিয়ে ওই মাপের একটি কাঠামো তৈরি করতে হবে। এটি এক দিকে ঢালু রেখে একটি ছিদ্র করতে হবে।
৩) সিমেন্ট দিয়ে পাকা না করেও পলিথিন বিছিয়ে, তার উপর ৩ ইঞ্চি ভেজা খড় বা পাতা চাপিয়ে, আরও ৩ ইঞ্চি গোবর সার বা কম্পোস্ট সার দিয়ে কেঁচোর বিছানা বা ভার্মি বেড তৈরি করা যায়।
৪) এর উপর কিছু বাঁশের কঞ্চি ও লোহার রড আড়াআড়ি রেখে তার উপর ১ ইঞ্চি উঁচু করে আধপচা জৈব বস্তু রাখতে হবে।
৫) এই জৈব বস্তুর মধ্যে ২,০০০টি এইসেনিয়া ফেটিডা প্রজাতির কেঁচো দিয়ে মাঝেমধ্যে জল দিতে হবে, যাতে প্রয়োজনীয় আর্দ্রতা বজায় থাকে।
৬) দেড় মাস পর উপরোক্ত গর্তে ২.৫ টন আধপচা জৈব বস্তু থেকে প্রায় ১ টন কেঁচো সার পাওয়া যাবে।
৭) ভার্মি পিটের পার্শ্ববর্তী ছিদ্রে কোনও পাত্র রেখে সংগৃহীত ভার্মি ওয়াশ ফসলের বৃদ্ধি ও ফলন বাড়ানোর জন্য ব্যবহার করা যেতে পারে।

## কতটা কেঁচো সার প্রয়োগ করবেন

১) জমিতে সবজি চাষের জন্য বিঘা প্রতি ৫০০ কেজি কেঁচো সার প্রয়োগ করতে হবে।
২) ধান, গম, ভুট্টা এবং আখ চাষের জন্য বিঘা প্রতি ৩০০-৩৫০ কেজি কেঁচো সার দরকার হবে।
৩) ১-৫ বছর বয়সের ফলগাছের জন্য দরকার হবে ২-৫ কেজি কেঁচো সার।
৪) বয়স্ক (৬-১০ বছর) ফলগাছের জন্য প্রয়োজন হবে ৭-১০ কেজি কেঁচো সার।
খ) টবের ফুল এবং ফলগাছের ক্ষেত্রে একটি মাঝারি মাপের টবে ১৫০- ২৫০ গ্রাম কেঁচো সার প্রয়োজন হবে।

## কখন কেঁচো সার প্রয়োগ করবেন

জমিতে চাষের ক্ষেত্রে শেষ চাষ দেওয়ার সময় এবং বীজ বোনা ও চারা বসানোর পূর্বে মাটিতে কেঁচো সার প্রয়োগ করতে হবে। ফলগাছের বেলায় বর্ষার আগে এবং গাছে ফুল আসার ঠিক আগে কেঁচো সার প্রয়োগ করার উপযুক্ত সময়। টবের গাছের ক্ষেত্রে বছরে ৩-৪ বার টবের মাটিতে কেঁচো সার প্রয়োগ করা যেতে পারে।

# বাণিজ্যিক ভাবে মাইক্রোগ্রিন চাষের অনলাইন প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি: স্বাস্থ্যসম্মত খাবারে মাইক্রোগ্রিন যুক্ত করার পরামর্শ দিচ্ছেন পুষ্টিবিদরা। মাইক্রোগ্রিন হল বীজ থেকে সদ্য জন্মানো ছোট ছোট গাছ। এগুলি সাধারণত এক থেকে তিন ইঞ্চি লম্বা হয়। সদ্য অঙ্কুরিত মাইক্রোগ্রিন নানা ভিটামিনে সমৃদ্ধ। পরিণত গাছের ফল, বীজে যে-পরিমাণ পুষ্টি থাকে, মাইক্রোগ্রিনে থাকে তার প্রায় চল্লিশ গুণ পর্যন্ত বেশি পুষ্টি। মাইক্রোগ্রিনের চাহিদা বাড়ছে। তাই বাণিজ্যিক ভাবে মাইক্রোগ্রিন চাষ করার কথা ভাবতে পারেন বেকার তরুণ-তরুণীরা। এই চাষ লাভজনক। কারণ চাহিদা থাকলেও এর জোগান এখনও কম। তবে বাণিজ্যিক ভাবে চাষ শুরু করার আগে প্রশিক্ষণ নিলে ভালো হবে। প্রাথমিক পর্যায়ে ঘরে বসেই অনলাইন প্রশিক্ষণ নিতে পারেন।

হাতে-কলমে প্রশিক্ষণ নেওয়ার আগে যাঁরা মাইক্রোগ্রিন চাষ সম্পর্কে প্রাথমিক ধারণা পেতে চান, তাঁদের অনলাইন প্রশিক্ষণ দেবে উত্তরপ্রদেশের গ্রেটার নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। দু' দিনের এই অনলাইন কোর্সের নাম মাইক্রোগ্রিন ফার্মিং। প্রশিক্ষণ চলতি মাসেই। প্রশিক্ষণে যোগ দিতে পারেন নারী-পুরুষ উভয়ই। এই কোর্সে অনলাইন শেখানো হবে মাইক্রোগ্রিনের বীজ রোপণ থেকে পরিচর্যা, সংরক্ষণ এবং আধুনিক প্রযুক্তির ব্যবহার।

ক্লাস হবে: দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত। প্রশিক্ষণের দিন: ২৯ থেকে ৩০ জুন। কোর্স ফি: ৬,০০০ টাকা।

আগ্রহীরা আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iht.edu.in/ খুঁটিনাটি তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।



খ্যাতনামা জাতীয় কোম্পানিতে জরুরি নিয়োগ
ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
যোগ্যতা: ITI/ডিপ্লোমা (ইলেকট্রিক্যাল) এবং ওয়্যারম্যান লাইসেন্স
হাউসকিপিং স্টাফ চাই
কর্মস্থল: শিলিগুড়ি | কালিম্পং | কোচবিহার | কলকাতা | হাওড়া
9147313018

# হার্বাল মেডিসিনের সার্টিফিকেট কোর্স

হার্বাল মেডিসিনের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ন্যাচারাল প্রোডাক্ট স্টাডিজ। কোর্সের মেয়াদ ৬ মাস। কোর্স শুরু হবে জুলাইয়ে।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত উচ্চমাধ্যমিক। ডিপ্লোমা, স্নাতক, স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত ও ফার্মাসিতে স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

কোর্স ফি: ৩০,২০৮ টাকা।

ক্লাস হবে সপ্তাহে তিন দিন করে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান যে-কোনও কাজের দিন দুপুর ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে সরাসরি সংগ্রহ করতে হবে এই ঠিকানা থেকে: School of Natural Product Studies, Jadavpur University, 1st-floor Bioequivalence study center, Kolkata-700032, West Bengal, India.

ফি বাবদ দিতে হবে নগদে ১০০ টাকা।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র জমা দিতে হবে উপরোক্ত ঠিকানায়।

এখন আবেদন করা যাচ্ছে। আবেদনের শেষ তারিখ প্রতিষ্ঠানের তরফে জানানো হয়নি। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://jadavpuruniversity.in প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৯০০৭৭৪১৮১৭, ৬২৯০৪৮০১১০।

ST. JOSEPH'S PUBLIC SCHOOL
M.S.V Nagar, Daisingsarai, Samastipur, (Bihar) 848114
Affl. to CBSE, New Delhi upto+2 level, Affl.No. 330059
Web.-stjosephspublicschool.org, Mail- st.joseph8272@gmail.com
REQUIRES TEACHERS
Academic In charge cum Administrator - Having adequate teaching and administrative skill. Salary - Negotiable
PGT, TGT experienced & Freshers competent teachers to teach Maths, English, Physics, Chemistry, Biology, Hindi, Sanskrit, S. St., Computer, Music.
Salary-15000/- Per Month (Free Accomodation)
Montessary trained teachers or freshers, convent oriented, fluent in English to teach in junior sections.
Salary-15000/- Per Month (Free Accomodation)
Send Resume through Email & Contact on this Number - 8340370596, 8051904354

শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট কোলকাতা
Syama Prasad Mookerjee Port, Kolkata
(Formerly KOLKATA PORT TRUST)
শ্যামাপ্রসাদ মুখার্জী পোর্ট, কলকাতা সরাসরি নিয়োগ দ্বারা নিম্নলিখিত পদগুলির পরিপ্রেক্ষিতে নিয়োগের জন্য পেশাদারদের আহ্বান করছে:

| ক্র. নং. | পদের নাম | পদের সংখ্যা | বেতনমান |
|---|---|---|---|
| ১. | সুপারিন্টেন্ডেন্ট ড্রেজার অ্যান্ড ডেসপ্যাচ সার্ভিস | ০১ | ১,০০,০০০–২,৬০,০০০ টাকা |
| ২. | ডেপুটি হার্বার মাস্টার (পোর্ট) | ০১ | ১,০০,০০০–২,৬০,০০০ টাকা |
| ৩. | কমান্ডার (ড্রেজার অ্যান্ড ডেসপ্যাচ) সার্ভিস | ০৭ | ৯০,০০০–২,৪০,০০০ টাকা |
| ৪. | কমান্ডার (পাইলট ভেসেল) | ০২ | ৯০,০০০–২,৪০,০০০ টাকা |
| ৫. | ম্যানেজার (এনভায়রণমেন্ট) | ০১ | ৮০,০০০–২,২০,০০০ টাকা |
| ৬. | ডেপুটি চিফ রেডিও অফিসার | ০১ | ৫০,০০০–১,৬০,০০০ টাকা (পূর্ব সংশোধিত ১০,৭৫০–১৬,৭৫০ টাকা) |

আরও বিস্তারিত বিবরণ, আবেদনের শেষ তারিখ এবং নির্ধারিত প্রোফর্মা অনুযায়ী (কেবলমাত্র হার্ড কপিতে) আবেদন করার জন্য এসএমপিকে ওয়েবসাইট www.smp.smportkolkata.in-তে "Job Openings" দেখুন।

শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট কোলকাতা
Syama Prasad Mookerjee Port, Kolkata
(Formerly KOLKATA PORT TRUST)
শ্যামাপ্রসাদ মুখার্জী পোর্ট, কলকাতা চুক্তির ভিত্তিতে নিম্নলিখিত পদগুলির পরিপ্রেক্ষিতে নিয়োগের জন্য পেশাদারদের আহ্বান করছে:

৩০.০৫.২০২৬ তারিখে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে

| ক্র. নং. | পদের নাম | পোস্টিংয়ের স্থান | মাসিক একীকৃত পারিশ্রমিক |
|---|---|---|---|
| ১. | ভিজিটিং সুপার স্পেশালিস্ট | এইচডিসি | বিস্তারিত পারিশ্রমিক বিবরণ এসএমপিকে-র ওয়েবসাইটে |
| ২. | ভিজিটিং স্পেশালিস্ট | এইচডিসি | বিস্তারিত পারিশ্রমিক বিবরণ এসএমপিকে-র ওয়েবসাইটে |

হার্ড কপি আবেদনের মাধ্যমে

| ক্র. নং. | পদের নাম | পোস্টিংয়ের স্থান | পদের সংখ্যা | মাসিক একীকৃত পারিশ্রমিক |
|---|---|---|---|---|
| ১. | স্পোর্টস্ অফিসার | কেডিএস | ০১ | বিস্তারিত পারিশ্রমিক বিবরণ এসএমপিকে-র ওয়েবসাইটে |
| ২. | ল্যান্ড রেভিনিউ অফিসার | কেডিএস | ০১ | ৫৭,০০০ টাকা |
| ৩. | স্পোর্টস্ পার্সন | কেডিএস এবং এইচডিসি | ২৬ | ৫০,০০০ টাকা |
| ৪. | জুনিয়র মেরিন ইঞ্জিনিয়ার | কেডিএস | ০৩ | ৪৬,৫০০ টাকা + আউটস্টেশন অ্যালাওয়েন্স |
| ৫. | কেবিন অ্যাসিস্ট্যান্ট | কেডিএস | ০৫ | ৪০,০০০ টাকা |
| ৬. | পয়েন্টস্ম্যান | কেডিএস | ০৩ | ৩৫,০০০ টাকা |
| ৭. | ড্রাফ্টস্ম্যান | এইচডিসি | ০২ | ৩৫,০০০ টাকা |
| ৮. | ফার্মাসিস্ট-কাম-ড্রেসার | এইচডিসি | ০২ | ৩১,০০০ টাকা |
| ৯. | সাউন্ডিং সুপারভাইজর-কাম-ড্রাফ্টস্ম্যান | কেডিএস | ০৩ | ২৬,০০০ টাকা |

আরও বিস্তারিত বিবরণ, আবেদনের শেষ তারিখ এবং নির্ধারিত প্রোফর্মা অনুযায়ী (কেবলমাত্র হার্ড কপিতে) আবেদন করার জন্য এসএমপিকে ওয়েবসাইট www.smp.smportkolkata.in-তে "Job Openings" দেখুন।

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

120. ভারতের জাতীয় আয় প্রথম কে পরিমাপ করেছিলেন?
(a) প্রশান্ত চন্দ্র মহলানবিশ (b) দাদাভাই নওরোজি (c) ভি কে আর ভি রাও (d) জওহরলাল নেহরু

121. মুদ্রার অবমূল্যায়ণ বলতে কী বোঝায়?
(a) বিদেশি মুদ্রার তুলনায় দেশীয় মুদ্রার মান কমানো (b) কাগজের মুদ্রার বদলে ধাতব মুদ্রা চালু করা (c) নতুন নোট ছাপা (d) কালো টাকা উদ্ধার করা

122. ভারতের টাকার নোট ছাপার দায়িত্ব কার ওপর ন্যস্ত?
(a) অর্থ মন্ত্রক (b) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (c) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (d) ভারত সরকার

123. ভারতীয় সংবিধানে 'শিক্ষা' কোন তালিকার অন্তর্ভুক্ত?
(a) কেন্দ্রীয় তালিকা (b) রাজ্য তালিকা (c) যুগ্ম তালিকা (d) কোনওটিই নয়

124. লোকসভায় জিরো আওয়ার কতক্ষণ চলে?
(a) 30 মিনিট (b) 1 ঘণ্টা (c) 2 ঘণ্টা (d) নির্দিষ্ট কোনও সময় নেই

125. অর্থনৈতিক সংস্কার বা 'এল পি জি' মডেল ভারতে কত সালে চালু হয়?
(a) 1985 (b) 1990 (c) 19191 (d) 1992

126. এই আই পদ্ধতিতে বলের একক কোনটি?
(a) ওয়াট (b) জুল (c) নিউটন (d) পাস্কাল

127. সাধারণ তুলাযন্ত্র কোন শ্রেণীর লিভার?
(a) প্রথম শ্রেণি (b) দ্বিতীয় শ্রেণি (c) তৃতীয় শ্রেণি (d) কোনওটাই নয়

128. শব্দোত্তর তরঙ্গ শুনতে পায় নীচের কোন প্রাণী?
(a) মানুষ (b) গরু (c) বাদুড় (d) তিমি

129. রান্নার গ্যাসের প্রধান উপাদান কী কী?
(a) মিথেন ও ইথেন (b) প্রোপেন ও বিউটেন (c) ইথেন ও প্রোপেন (d) হাইড্রোজেন ও অ্যাসিটিলিন

130. পর্যায় সারণির জনক কাকে বলা হয়?
(a) নিউল্যান্ডস (b) মোসলে (c) মেন্ডেলিফ (d) ডালটন

131. সাধারণ লবণের রাসায়নিক নাম কী?
(a) সোডিয়াম কার্বনেট (b) সোডিয়াম ক্লোরাইড (c) পটাশিয়াম ক্লোরাইড (d) ক্যালসিয়াম কার্বনেট

132. লেবুতে কোন অ্যাসিড পাওয়া যায়?
(a) ম্যালিক অ্যাসিড (b) টারটারিক অ্যাসিড (c) সাইট্রিক অ্যাসিড (d) অক্সালিক অ্যাসিড

133. রক্ত জমাট বাঁধতে সাহায্য করে কোন ভিটামিন?
(a) ভিটামিন A (b) ভিটামিন C (c) ভিটামিন D (d) ভিটামিন K

134. মানবদেহের বৃহত্তম গ্রন্থি কোনটি?
(a) থাইরয়েড (b) পিটুইটারি (c) যকৃৎ (d) অগ্ন্যাশয়

135. কোষের শক্তিঘর কাকে বলা হয়?
(a) নিউক্লিয়াস (b) রাইবোজোম (c) মাইটোকন্ড্রিয়া (d) লাইসোজোম

136. প্রাকৃতিক নির্বাচনের জনক কে?
(a) গ্রেগর জোহান মেন্ডেল (b) চার্লস ডারউইন (c) ল্যামার্ক (d) অ্যারিস্টটল

137. আলোর প্রতিফলনের ক্ষেত্রে আপতন কোণ $60^\circ$ হলে প্রতিফলন কোণ কত হবে?
(a) $30^\circ$ (b) $45^\circ$ (c) $60^\circ$ (d) $90^\circ$

138. কোন ধাতুকে 'কুইক সিলভার' বলা হয়?
(a) রুপো (b) পারদ (c) অ্যালুমিনিয়াম (d) দস্তা

139. পিতল কোন ধাতুর সংকর?
(a) তামা ও দস্তা (b) তামা ও টিন (c) তামা ও নিকেল (d) লোহা ও ক্রোমিয়াম

140. গ্রিন হাউস গ্যাসের প্রভাবে বায়ুমণ্ডলের উষ্ণতা বৃদ্ধিকে কী বলে?
(a) সুনামি (b) গ্লোবাল ওয়ার্মিং (c) ওজোন স্তর ধ্বংস (d) অ্যাসিড বৃষ্টি

141. পেনসিলের সিস তৈরিতে কী ব্যবহৃত হয়?
(a) কাঠকয়লা (b) গ্রাফাইট (c) কোক (d) ভুসা কালি

142. রক্তশূন্যতা বা অ্যানিমিয়া কোন খনিজের অভাবে ঘটে?
(a) ক্যালসিয়াম (b) আয়রন বা লোহা (c) আয়োডিন (d) ম্যাগনেসিয়াম

143. উদ্ভিদের বৃদ্ধিমাপক যন্ত্রের নাম কী?
(a) ব্যারোমিটার (b) হাইড্রোমিটার (c) ক্রেসকোগ্রাফ (d) সিসমোগ্রাফ

144. কোন হরমোনকে 'আপৎকালীন হরমোন' বলা হয়?
(a) ইনসুলিন (b) অ্যাড্রেনালিন (c) থাইরক্সিন (d) ইস্ট্রোজেন

145. বেরিবেরি রোগ কোন ভিটামিনের অভাবে হয়?
(a) ভিটামিন $B_1$ (b) ভিটামিন $B_{12}$ (c) ভিটামিন C (d) ভিটামিন D

146. চাপের একক কী?
(a) ওহম (b) পাস্কাল (c) অ্যাম্পিয়ার (d) ক্যান্ডেলা

147. পিউরিফায়ারে জল পরিশোধনের জন্য কোন রশ্মি ব্যবহৃত হয়?
(a) এক্স রশ্মি (b) গামা রশ্মি (c) অতিবেগুনি রশ্মি (d) ইনফ্রারেড রশ্মি

148. মাস্টার গ্ল্যান্ড বা প্রভু গ্রন্থি কাকে বলা হয়?
(a) থাইরয়েড (b) পিটুইটারি (c) প্যানক্রিয়াস (d) অ্যাড্রেনাল

149. মরিচা ধরা কী ধরনের পরিবর্তন?
(a) ভৌত পরিবর্তন (b) রাসায়নিক পরিবর্তন (c) a এবং b উভয়ই (d) কোনওটিই নয়

150. মানবদেহের স্বাভাবিক রক্তচাপ কত?

*এরপর নয়ের পাতায়*

# পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. কোন সুলতান তাঁর রাজধানী দিল্লি থেকে দেবগিরিতে স্থানান্তরিত করেছিলেন?
(a) আলাউদ্দিন খিলজি (b) ফিরোজ শাহ তুঘলক (c) মহম্মদ বিন তুঘলক (d) গিয়াসউদ্দিন বলবন

2. ভারতীয় বায়ুসেনার প্রথম 'এয়ার চিফ মার্শাল' কে ছিলেন?
(a) প্রেম কুমার শর্মা (b) সুব্রত মুখার্জি (c) অমিতাভ ঘোষ (d) চেতন ভগৎ

3. সাধারণত কত বিট-এর সমন্বয়ে 1 Byte গঠিত হয়?
(a) ৪টি (b) 7টি (c) 6টি (d) 5টি

4. অনিয়ন্ত্রিত বৃক্ষচ্ছেদনের ফলে কী হয়?
(a) জলদূষণ (b) শব্দদূষণ (c) ভূমিদূষণ (d) কোনওটিই নয়

5. ইতালীয় পর্যটক পিটার মান্ডি কার সাম্রাজ্যকালে ভারতে আসেন?
(a) বাবর (b) ঔরঙ্গজেব (c) আকবর (d) শাহজাহান

6. 'পঞ্চতন্ত্র' বইটির লেখক কে?
(a) বিষ্ণুশর্মা (b) রাধাকৃষ্ণ পিল্লাই (c) ধরমবীর সিং (d) বল্লভভাই প্যাটেল

7. UNESCO-এর সদর দফতর কোন শহরে অবস্থিত?
(a) লন্ডন (b) প্যারিস (c) জেনিভা (d) নিউ দিল্লি

8. লৌহ আকরিক সর্বাধিক উৎপাদন হয় কোন রাজ্যে?
(a) ছত্তিসগড় (b) কর্নাটক (c) ওড়িশা (d) ঝাড়খণ্ড

9. সুলতান আজলান শাহ ট্রফি কোন খেলার সঙ্গে জড়িত?
(a) কবাডি (b) ক্রিকেট (c) হকি (d) টেবিল টেনিস

10. কোন শহরকে 'ভারতের প্রবেশদ্বার' বলে?
(a) মুম্বই (b) কোলকাতা (c) নিউ দিল্লি (d) চেন্নাই

11. টোডরমল ছিলেন আকবরের:
(a) সেনাপতি (b) কৃষিমন্ত্রী (c) স্বরাষ্ট্রমন্ত্রী (d) রাজস্বমন্ত্রী

12. বানিহাল গিরিপথ কোন কেন্দ্রশাসিত অঞ্চলে অবস্থিত?
(a) তামিলনাড়ু (b) জম্মু ও কাশ্মীর (c) মধ্যপ্রদেশ (d) রাজস্থান

13. কত সালে ভারতে প্রথম রাষ্ট্রপতি নির্বাচন হয়েছিল?
(a) 1952 (b) 1951 (c) 1950 (d) 1949

14. নীচের শহরগুলির মধ্যে কোনটির উচ্চতা সমুদ্রপৃষ্ঠ থেকে সর্বাধিক?
(a) নাগপুর (b) যোধপুর (c) বেঙ্গালুরু (d) দিল্লি

15. গদর পার্টি কোথায় প্রতিষ্ঠিত হয়?
(a) অমৃতসর (b) সানফ্রান্সিসকো (c) লাহোর (d) ওয়াশিংটন

16. পিত্তরস কোথায় তৈরি হয়?
(a) প্লীহা (b) গলব্লাডার (c) যকৃৎ (d) স্টার্চ

17. নোবেল প্রাইজ ও ভারতরত্ন এই দু'টি পুরস্কার প্রাপ্ত ব্যক্তি কে?
(a) মাদার টেরিজা (b) মহাত্মা গান্ধী (c) রবীন্দ্রনাথ ঠাকুর (d) জওহরলাল নেহরু

18. উলার বাঁধ কোন নদীর উপর অবস্থিত?
(a) গঙ্গা (b) মহানদী (c) বিতস্তা (d) ঝিলাম

19. 'মিড ডে মিল' কত সাল থেকে শুরু হয়েছে?
(a) 1993 (b) 1994 (c) 1995 (d) 1996

20. কাজুবাদাম উৎপাদনে কোন ভারতীয় রাজ্য প্রথম স্থানটি দখল করে?
(a) অন্ধ্রপ্রদেশ (b) মহারাষ্ট্র (c) তামিলনাড়ু (d) কেরল

21. অলকানন্দা ও মন্দাকিনী নদী দু'টির সঙ্গমস্থল হল:
(a) এলাহাবাদ (b) রুদ্রপ্রয়াগ (c) তিরুপতি (d) কোনওটিই নয়

22. কোন রোগে ক্লোরোমাইসিটিন ঔষধ ব্যবহৃত হয়?
(a) হার্ট অ্যাটাক (b) যক্ষ্মা (c) ম্যালেরিয়া (d) টাইফয়েড

23. 'হুমায়ুননামার' লেখক কে?
(a) আবুল ফজল (b) গুলবদন বেগম (c) হুমায়ুন (d) কীর্তি আজাদ

24. জাপান ও রাশিয়ার যুদ্ধ কত সালে হয়েছিল?
(a) 1904 সালে (b) 1903 সালে (c) 1902 সালে (d) 1901 সালে

25. কোন খেলার সঙ্গে 'চায়নাম্যান' কথাটি যুক্ত?
(a) বক্সিং (b) দাবা (c) ক্রিকেট (d) জুডো

26. ভারতের কোথায় সব থেকে বেশি ময়ূর পাওয়া যায়?
(a) পশ্চিমবঙ্গ (b) মধ্যপ্রদেশ (c) রাজস্থান (d) ওড়িশা

27. ভারতে সবচেয়ে বেশি রাজস্ব-আদায় হয়:
(a) আয়কর থেকে (b) রেলওয়ে থেকে (c) আবগারী শুল্ক থেকে (d) বিনোদনমূলক কর থেকে

28. 'সপ্ত পাহাড়ের শহর' কাকে বলা হয়?
(a) প্যারিস (b) লন্ডন (c) রোম (d) নিউইয়র্ক

**উত্তর**

1(c), 2(b), 3(a), 4(c), 5(d), 6(a), 7(b), 8(d), 9(c), 10(a), 11(d), 12(b) 13(a), 14(c), 15(b), 16(c), 17(a), 18(c), 19(c), 20(b), 21(b), 22(d), 23(b), 24(a), 25(c), 26(b), 27(c), 28(c).

*এরপর আগামী সংখ্যায়*

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

# নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা

### এ এন এম, জি এন এম-এর প্রবেশিকার নমুনা প্রশ্নোত্তর

1. নীচের কোনটির বিষক্রিয়ায় উদ্ভিদের পাতায় বাদামি বর্ণের দাগ দেখা যায়?
(a) Mg (b) Zn (c) Mn (d) Cu

2. উদ্ভিদদেহে লক্ষ্যণীয় প্রধানতম উপাদানটি কোনটি?
(a) কার্বন (b) লৌহ (c) নাইট্রোজেন (d) ম্যাঙ্গানিজ

3. সালফারের সঞ্চয়ক স্থান কোনটি?
(a) বায়ুমণ্ডল (b) সমুদ্র (c) রক (পার্বত্য অঞ্চল) (d) কোনওটিই নয়

4. নিম্নলিখিত কোন পদ্ধতিতে অক্সিজেন সরাসরি ব্যবহৃত করা হয়?
(a) গ্লাইকোলাইসিস (b) ইলেক্ট্রন পরিবহণ (c) সন্ধান (d) ক্রেবস চক্র

5. নীচের কোনটি সালোকসংশ্লেষের ইলেক্ট্রন পরিবহণের সঙ্গে যুক্ত?
(a) সোডিয়াম (b) পটাশিয়াম (c) কোবাল্ট (d) লৌহ

6. কোনটি একটি শ্বাসতন্ত্রজনিত রোগ?
(a) আর্থ্রাইটিস (b) ক্যানসার (c) হাঁপানি (d) পোলিও

7. ফুসফুসের বায়ুধারকত্বের পরিমাণ কত?
(a) 3.5-4.5 লিটার (b) 2.5-3.9 লিটার (c) 4.5-5.5 লিটার (d) 1.5-2.5 লিটার

8. এক অণু হিমোগ্লোবিন কত অণু অক্সিজেন বহন করতে পারে?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4

9. নীচের কোনটির উপস্থিতিতে রক্তের অক্সিজেন পরিবহণ ক্ষমতা কমে যায়?
(a) $SO_2$ (b) CO (c) $O_2$ (d) $CO_2$

10. এদের মধ্যে কোনটি একটি সংযুক্ত প্রোটিন নয়?
(a) লিপোপ্রোটিন (b) পেপটোন (c) ক্রোমোপ্রোটিন (d) ফসফোপ্রোটিন

11. জন্ডিস হল —— ঘটিত একটি গোলযোগ।
(a) পরিপাকতন্ত্র (b) রেচনতন্ত্র (c) সংবহনতন্ত্র (d) ত্বক এবং চোখ

12. হেপারিন উৎপন্ন হয়:
(a) অস্থিমজ্জা থেকে (b) রক্তকোষ থেকে (c) যকৃৎ কোষ থেকে (d) বৃক্ককোষ থেকে

13. নারকেলের দুধ থেকে কোন হরমোন পাওয়া যায়?
(a) ইথিলিন (b) জিয়াটিন (c) অক্সিন (d) ফোরিজেন

14. সিন্থেটিক উদ্ভিদ হরমোন কোনটি?
(a) NAA (b) GA (c) IAA (d) জিয়াটিন

15. বৃদ্ধিমাপক যন্ত্রের নাম:
(a) প্রোটোমিটার (b) ম্যানোমিটার (c) অক্সানোমিটার (d) কোনওটিই নয়

16. নীচের কোন হরমোন বার্ধক্যের জন্য দায়ী?
(a) IAA (b) GA (c) ABA (d) সাইটোকাইনিন

17. কার মাধ্যমে ফলের পক্কতা নিয়ন্ত্রিত হয়?
(a) $CO_2$ (b) ইথিলিন (c) $SO_2$ (d) নাইট্রোজেন

18. অক্সিন সংশ্লেষ প্রধানত কোথায় ঘটে?
(a) জাইলেমে (b) কর্টেক্সে (c) ফ্লোয়েমে (d) মূলে

19. গম গাছের জীবনকাল হল:
(a) 4 মাস (b) 5 মাস (c) 6 মাস (d) 8 মাস

20. নীচের কোন জীবে স্বনিষেক লক্ষ করা যায়?
(a) কেঁচো (b) মাছ (c) গোলকৃমি (d) ফিতাকৃমি

21. বায়ুর সাহায্যে পরাগযোগ ঘটে?
(a) কচু (b) ভুট্টা (c) পদ্ম (d) পাতা শ্যাওলা

22. ডিম্বকের বৃন্তকে কী বলা হয়?
(a) বৃন্ত (b) পুষ্পবৃন্তিকা (c) অমরা (d) ডিম্বকনাড়ি

23. নিম্নলিখিত কোন ফলটি প্রকৃত ফল নয়?
(a) জাম (b) আপেল (c) কুল (d) আম

24. কর্ড লিভার অয়েল হল ——— এর একটি উৎস।
(a) ভিটামিন B (b) ভিটামিন C (c) ভিটামিন A (d) আয়োডিন

25. নীচের কোনটি ভিটামিনের কাজ নয়?
(a) বৃদ্ধি (b) বিপাক (c) পরিপাক (d) কোনওটিই নয়

26. ফ্যাটে দ্রবীভূত ভিটামিনগুলি হল:
(a) A, D, C, K (b) A, D, E, K (c) A, B, C, K (d) A, B, D, E

27. কোন ভিটামিনের অভাবে পারনিসিয়াস অ্যানিমিয়া হয়?
(a) ভিটামিন $B_{12}$ (b) ভিটামিন D (c) ভিটামিন C (d) ভিটামিন $B_1$

